يَجِيْئُوْنَ	يَجِيْئَانِ	يَجِيْءُ	পুং
يَجِئْنَ	تَجِيْئَانِ	تَجِيْءُ	স্ত্রী
تَجِيْئُوْنَ	تَجِيْئَانِ	تَجِيْءُ	পুং
تَجِئْنَ	تَجِيْئَانِ	تَجِيْئِيْنَ	স্ত্রী
نَجِيْءُ		أَجِيْءُ	উভয়

الْمَاضِي অতীত কালের ক্রিয়া			
বহুবচন	দ্বিবচন	একবচন	
قَالُوْا	قَالاَ	قَالَ	পুং
قُلْنَ *	قَالَتَا	قَالَتْ	স্ত্রী
قبلْتُمْ	قُلْتُمَا	قُلْتَ	পুং
قُلْتُنَّ	قُلْتُمَا	قُلْتِ	স্ত্রী
قُلْنَا		قُلْتُ	উভয়

*মূলত এটা ছিল قَاْلْنَ । দুই সুকুনের মিলন রোধে দুর্বলটা বাদ দেওয়া হয়েছে। আর বাব نَصَرَ হলে ف কালিমায় পেশ, নইলে যের।

الْمُضَارِعُ বর্তমান কালের ক্রিয়া			
বহুবচন	দ্বিবচন	একবচন	
يَقُوْلُوْنَ	يَقُوْلاَنِ	يَقُوْلُ	পুং
يَقُلْنَ	تَقُوْلاَنِ	تَقُوْلُ	স্ত্রী
تَقُوْلُوْنَ	تَقُوْلاَنِ	تَقُوْلُ	পুং
تَقُلْنَ	تَقُوْلاَنِ	تَقُوْلِيْنَ	স্ত্রী
نَقُوْلُ		اَقُوْلُ	উভয়

الْمَاضِي অতীত কালের ক্রিয়া			
বহুবচন	দ্বিবচন	একবচন	
نَامُوْا	نَامَا	نَامَ	পুং
نِمْنَ *	نَامَتَا	نَامَتْ	স্ত্রী
نِمْتُمْ	نِمْتُمَا	نِمْتَ	পুং
نِمْتُنَّ	نِمْتُمَا	نِمْتِ	স্ত্রী
نِمْنَا		نِمْتُ	উভয়

*মূলত এটা ছিল نَامْنَ । দুই সুকুনের মিলন রোধে দুর্বলটা বাদ দেওয়া হয়েছে। আর বাব نَصَرَ হলে ف কালিমায় পেশ, নইলে যের।

الْمُضَارِع বর্তমান কালের ক্রিয়া			
বহুবচন	দ্বিবচন	একবচন	
يَنَامُوْنَ	يَنَامَانِ	يَنَامُ	পুং
يَنَمْنَ	تَنَامَانِ	تَنَامُ	স্ত্রী
تَنَامُوْنَ	تَنَامَانِ	تَنَامُ	পুং
تَنَمْنَ	تَنَامَانِ	تَنَامِيْنَ	স্ত্রী
نَنَامُ		أَنَامُ	উভয়

مَصْدَرٌ	اَمْرٌ	الْمُضَارِعُ	الْمَاضِي	অর্থ
تَوْبَةٌ	تُبْ	يَتُوبُ	تَابَ	তাওবা করা
ذَوْقٌ	ذُقْ	يَذُوقُ	ذَاقَ	স্বাদ নেওয়া
فَوْزٌ	فُزْ	يَفُوزُ	فَازَ	সফল হওয়া
قَوْلٌ	قُلْ	يَقُولُ	قَالَ *	বলা
قِيَامٌ، قَوْمَةٌ	قُمْ	يَقُومُ	قَامَ	দাঁড়ানো
كَوْنٌ	كُنْ	يَكُونُ	كَانَ *	হওয়া
مَوْتٌ	مُتْ	يَمُوتُ	مَاتَ	মরে যাওয়া
خَوْفٌ	خِفْ	يَخَافُ	خَافَ	ভীত হওয়া
كَوْدٌ	كَدْ	يَكَادُ	كَادَ	প্রায় হওয়া
كَيْدٌ	كِدْ	يَكِيدُ	كَادَ	কৌশল করা
زِيَادَةٌ	زِدْ	يَزِيدُ	زَادَ *	বাড়ানো
بَيْعٌ	بِعْ	يَبِيْعُ	بَاعَ	বিক্রি করা
سَيْرٌ	سِرْ	يَسِيْرُ	سَارَ	হাটা
عَيْشٌ	عِشْ	يَعِيْشُ	عَاشَ	বেঁচে থাকা
غِيَابٌ	غِبْ	يَغِيْبُ	غَابَ	অনুপস্থিত থাকা
عِيَاذٌ	عُذْ	يَعُوذُ	عَاذَ	আশ্রয় চাওয়া
كَيْلٌ	كِلْ	يَكِيْلُ	كَالَ	পরিমাপ করা
زِيَارَةٌ	زُرْ	يَزُوْرُ	زَارَ	পরিদর্শন করা
طَافٌ	طُفْ	يَطُوْفُ	طَافَ	তাওয়াফ করা

২।। কসমের জন্য বাক্যের শুরুতে وَ

কসমের জন্য বাক্যের শুরুতে وَ ব্যবহৃত হয়। وَ হল হারফ জার সুতরাং এর পর ইসমটি মাজরুর হবে। জোর দিতে হ্যা বোধক বাক্যে وَ এরপর لَقَدْ শব্দটি আসে কিন্তু না বোধক বাক্যে তা আসে না।

وَاللهِ لَقَدْ رَأَيْتُهُ فِي السُّوْقِ	وَاللهِ مَا رَأَيْتُهُ فِي السُّوْقِ
আল্লাহর কসম তাকে আমি বাজারে দেখেছিলাম	আল্লাহর কসম তাকে আমি বাজারে দেখিনি
وَاللهِ لَقَدْ كِدْتُ أَمُوْتُ	وَاللهِ مَا اَكَلْتُ شَيْئًا
আল্লাহর কসম আমি প্রায় মরে গিয়েছিলাম	আল্লাহর কসম আমি কিছুই খাইনি

২। اَلْمَفْعُوْلُ الْمُطْلَقُ (পরম কর্ম)

বাক্যে ব্যবহৃত মাসদারটি যদি ঐ বাক্যেই ব্যবহৃত কোন ক্রিয়াপদ থেকে উদ্ভুত হয় তবে তাকে اَلْمَفْعُوْلُ الْمُطْلَقُ বলে। মাফুলুন মুতলাক মানসুব হয়। যেমনঃ যেমনঃ يَعْمَلُ عَمَلاً

ضَرَبَنِي بِلَالٌ ضَرْبًا	বিলাল আমাকে একমারা মারছে।
إِنِّي ظَلَمْتُ نَفْسِي ظُلْمًا كَثِيْرًا	নিশ্চয়ই আমি নিজের উপর জুলুম করেছি অনেক জুলুম
اذْكُرُوا اللَّهَ ذِكْرًا كَثِيرًا	আল্লাহর স্মরণ কর অধিক হারে
شَفَاكَ اللهُ شِفَاءً كَامِلًا	আল্লাহ তোমাকে পরিপুর্ন সুস্থতা দিক
أَنَّا صَبَبْنَا الْمَاءَ صَبًّا	আমি আশ্চর্য উপায়ে পানি বর্ষণ করেছি,
مَنْ عَمِلَ عَمَلاً لَيْسَ عَلَيْهِ أَمْرُنَا فَهُوَ رَدٌّ	যে ব্যক্তি এমন কোন কাজ করবে যার প্রতি আমাদের নির্দেশ নেই তা প্রত্যাখ্যাত
فَمَنْ كَانَ يَرْجُو لِقَاءَ رَبِّهِ فَلْيَعْمَلْ عَمَلًا صَالِحًا	অতএব, যে ব্যক্তি তার পালনকর্তার সাক্ষাত কামনা করে, সে যেন, সৎকর্ম সম্পাদন করে
إِنَّا فَتَحْنَا لَكَ فَتْحًا مُّبِينًا	নিশ্চয় আমি আপনার জন্যে এমন একটা ফয়সালা করে দিয়েছি, যা সুস্পষ্ট।
وَاللَّهُ أَنبَتَكُم مِّنَ الْأَرْضِ نَبَاتًا	আল্লাহ তা'আলা তোমাদেরকে মৃত্তিকা থেকে উদগত

করেছেন।	
অথবা তদপেক্ষা বেশী এবং কোরআন আবৃত্তি করুন সুবিন্যস্ত ভাবে ও স্পষ্টভাবে।	أَوْ زِدْ عَلَيْهِ وَرَتِّلِ الْقُرْآنَ تَرْتِيلًا
যে কোন (প্রানীর) প্রতিকৃতি আকবে তাহলে অবশ্যই আল্লাহ তাকে শাস্তি দেবেন	مَنْ صَوَّرَ صُورَةً فَإِنَّ اللَّهَ مُعَذِّبُهُ
নিশ্চয়ই দ্বীন শুরু হয়েছিল অপরিচিতের ন্যায় আবার অপরিচিত হয়ে যাবে	إِنَّ الدِّينَ بَدَأَ غَرِيبًا وَيَرْجِعُ غَرِيبًا

অধ্যায়-২৮

১। النَّاقِصُ

النَّاقِصُ ক্রিয়ার অতীত কালের গঠনে লক্ষ্যনীয়ঃ

১. و আলিফে পরিনত হয়। যেমনঃ دَعَوَ <= دَعَا

- ي যবরের পরে আসলে ى তে পরিবর্তিত হয় যেমনঃ مَشَيَ => مَشَى
- তবে ي যের এর পরে আসলে পরিবর্তিত হয় না যেমনঃ نَسِيَ => نَسِيَ
- ي পেশের পরে আসে না।

২. ৩য় পুরুষের বহুবচনে ل কালিমা উঠে যায়। যেমনঃ دَعَوُوْا => دَعَوْا

৩. و এর আগে যের হয় না তাই نَسِوْا => نَسُوْا হবে।

৪. দুই সুকুনের মিলন রোধে دَعَاْتْ এর দুর্বল অক্ষরটি উঠে গিয়ে হবে دَعَتْ

৫. মুতাহাররিক সর্বনাম (যে সর্বনামগুলোর উপর হারকাত আছে) যেমনঃ نَ، تَ، تُمَا، تُمْ، تِ، تُمَا، تُنَّ، تُ، نَا গুলোতে ل কালিমা স্বরূপে ফিরে আসে।

যেমনঃ بَكَيْنَ، بَكَيْتَ، بَكَيْتُمَا، بَكَيْتُمْ، .... بَكَيْنَا

النَّاقِصُ ক্রিয়ার বর্তমান কালে লক্ষ্যনীয়ঃ

মারফুঃ

১. লাম কালিমা (و বা ي) ফিরে আসে। এবং লাম কালিমায় পেশের বদলে সুকুন হয়। যেমনঃ

الْمُضَارِعُ	<= পরিবর্তন <=	الْمَاضِي
يَدْعُوْ	يَدْعُوُ	دَعَا (دَعَوَ)
يَبْكِيْ	يَبْكِيُ	بَكَى (بَكَيَ)
يَنْسَى	يَنْسَيُ	نَسِيَ (نَسِيَ)

২. ৩য় পুরুষের বহুবচনে ل কালিমা উঠে যায়। যেমনঃ

يَدْعُوْنَ => يَدْعُوُوْنَ যেখানে وُ তুলে দেওয়া হয়েছে।

يَنْسَوْنَ => يَنْسَيُوْنَ যেখানে يُ তুলে দেওয়া হয়েছে।

تَدْعِيْنَ => تَدْعُوِيْنَ যেখানে وِ তুলে দেওয়া হয়েছে আর ي এর আগে পেশ আসে না তাই عُ কে عِ দ্বারা পরিবর্তন করা হয়েছে।

মানসুবঃ

১. و এবং ي দ্বারা শেষ হওয়া ক্রিয়ার উপর যবর উচ্চারিত হয় কিন্তু আলিফ দ্বারা শেষ হওয়া যবর উচ্চারিত হয় না। যেমনঃ لَنْ يَبْكِيَ ,لَنْ يَدْعُوَ কিন্তু لَنْ يَنْسَى

আমর ও মাজ্জুমঃ

১। ل কালিমা উঠে যায়।

যেমন, لَمْ يَدْعُ <= لَمْ يَدْعُوْ অনুরূপ ভাবে, أُدْعُ

لَمْ يَبْكِ <= لَمْ يَبْكِيْ অনুরূপ ভাবে, إِبْكِ

لَمْ يَنْسَ <= لَمْ يَنْسَىْ অনুরূপ ভাবে, إِنْسَ

الْمَاضِي অতীত কালের ক্রিয়া			
বহুবচন	দ্বিবচন	একবচন	
مَشَوْا	مَشَيَا	مَشَى	পুং
مَشَيْنَ	مَشَتَا	مَشَتْ	স্ত্রী
مَشَيْتُمْ	مَشَيْتُمَا	مَشَيْتَ	পুং
مَشَيْتُنَّ	مَشَيْتُمَا	مَشَيْتِ	স্ত্রী
مَشَيْنَا		مَشَيْتُ	উভয়

الْمُضَارِعُ বর্তমান কালের ক্রিয়া			
বহুবচন	দ্বিবচন	একবচন	
يَمْشُوْنَ	يَمْشِيَانِ	يَمْشِيْ	পুং
يَمْشِيْنَ	تَمْشِيَانِ	تَمْشِيْ	স্ত্রী
تَمْشُوْنَ	تَمْشِيَانِ	تَمْشِيْ	পুং
تَمْشِيْنَ	تَمْشِيَانِ	تَمْشِيْنَ	স্ত্রী
نَمْشِيْ		أَمْشِيْ	উভয়

অতীত কালের ক্রিয়া الْمَاضِي			
বহুবচন	দ্বিবচন	একবচন	
دَعَوْا	دَعَوَا	دَعَا	পুং
دَعَوْنَ	دَعَتَا	دَعَتْ	স্ত্রী
دَعَوْتُمْ	دَعَوْتُمَا	دَعَوْتَ	পুং
دَعَوْتُنَّ	دَعَوْتُمَا	دَعَوْتِ	স্ত্রী
دَعَوْنَا		دَعَوْتُ	উভয়

বর্তমান কালের ক্রিয়া الْمُضَارِعُ			
বহুবচন	দ্বিবচন	একবচন	
يَدْعُوْنَ	يَدْعُوَانِ	يَدْعُوْ	পুং
يَدْعُوْنَ	تَدْعُوَانِ	تَدْعُوْ	স্ত্রী
تَدْعُوْنَ	تَدْعُوَانِ	تَدْعُوْ	পুং
تَدْعُوْنَ	تَدْعُوَانِ	تَدْعِيْنَ	স্ত্রী
نَدْعُوْ		اَدْعُوْ	উভয়

اَلْمَاضِي অতীত কালের ক্রিয়া			
বহুবচন	দ্বিবচন	একবচন	
رَأَوْا	رَأَيَا	رَأَى	পুং
رَأَيْنَ	رَأَتَا	رَأَتْ	স্ত্রী
رَأَيْتُمْ	رَأَيْتُمَا	رَأَيْتَ	পুং
رَأَيْتُنَّ	رَأَيْتُمَا	رَأَيْتِ	স্ত্রী
رَأَيْنَا		رَأَيْتُ	উভয়

اَلْمُضَارِعُ বর্তমান কালের ক্রিয়া			
বহুবচন	দ্বিবচন	একবচন	
يَرَوْنَ	يَرَيَانِ	يَرَى	পুং
يَرَيْنَ	تَرَيَانِ	تَرَى	স্ত্রী
تَرَوْنَ	تَرَيَانِ	تَرَى	পুং
تَرَيْنَ	تَرَيَانِ	تَرَيْنَ	স্ত্রী
نَرَى		أَرَى	উভয়

Contents

الْمَاضِي অতীত কালের ক্রিয়া			
বহুবচন	দ্বিবচন	একবচন	
نَسُوْا	نَسِيَا	نَسِيَ	পুং
نَسِيْنَ	نَسِيَتَا	نَسِيَتْ	স্ত্রী
نَسِيْتُمْ	نَسِيْتُمَا	نَسِيْتَ	পুং
نَسِيْتُنَّ	نَسِيْتُمَا	نَسِيْتِ	স্ত্রী
نَسِيْنَا		نَسِيْتُ	উভয়

الْمُضَارِعُ বর্তমান কালের ক্রিয়া			
বহুবচন	দ্বিবচন	একবচন	
يَنْسَوْنَ	يَنْسَيَانِ	يَنْسَى	পুং
يَنْسَيْنَ	تَنْسَيَانِ	تَنْسَى	স্ত্রী
تَنْسَوْنَ	تَنْسَيَانِ	تَنْسَى	পুং
تَنْسَيْنَ	تَنْسَيَانِ	تَنْسَيْنَ	স্ত্রী
نَنْسَى		اَنْسَى	উভয়

مَصْدَرٌ	اَمْرٌ	الْمُضَارِعُ	الْمَاضِي	অর্থ
تِلَاوَةٌ	اُتْلُ	يَتْلُو	تَلَا	তিলোয়াত করা
دُعَاءٌ	اُدْعُ	يَدْعُو	دَعَا *	ডাকা
عَفْوٌ	اُعْفُ	يَعْفُو	عَفَا	ক্ষমা করা
شَكْوَى	اُشْكُ	يَشْكُوْ	شَكَا	অভিযোগ করা
مَحْوٌ	اُمْحُ	يَمْحُوْ	مَحَا	মুছে ফেলা
رَجَاءٌ	اُرْجُ	يَرْجُوْ	رَجا	আশা করা
ماشِيٌ	اِمْشِ	يَمْشِيْ	مَشَى	হাঁটা
سَقْيٌ	اِسْقِ	يَسْقِيْ	سَقَى	পান করানো
بِنَاءٌ	اِبْنِ	يَبْنِيْ	بَنَى	বানানো
بَغْيٌ	اِبْغِ	يَبْغِيْ	بَغَى	খুব চাওয়া
نَهْيٌ	اِنْهَ	يَنْهَى	نَهَى	নিষেধ করা
جَرَيَانٌ	اِجْرِ	يَجْرِي	جَرَى	প্রবাহিত হওয়া
قَضَاءٌ	اِقْضِ	يَقْضِي	قَضَى	পুর্ন করা
كِفَايَةٌ	اِكْفِ	يَكْفِي	كَفَى	যথেষ্ঠ হওয়া
هُدًى	اِهْدِ	يَهْدِي	هَدَى *	পথ দেখানো
خَشْيَةٌ	اِخْشَ	يَخْشَى	خَشِيَ	ভয় করা
رِضْوَانٌ	اِرْضَ	يَرْضَى	رَضِيَ	সন্তুষ্ট হওয়া
نِسْيَانٌ	اِنْسَ	يَنْسَى	نَسِيَ *	ভুলে যাওয়া
بَقِيَّةٌ	اِبْقَ	يَبْقَى	بَقِيَ	স্থায়ী হওয়া
لِقَاءٌ	اِلْقَ	يَلْقَى	لَقِيَ	মিলিত হওয়া

২। এখনও করা হয়নি অর্থে لَمْ + ... + بَعْدُ

আমার বাবা এখনও ফিরে আসেন নি	لَمْ يَرجِعْ أَبِي بَعْدُ
আমি তাকে এখনও একটি চিঠি লিখিনি	لَمْ أَكْتُبْ لَهُ رِسَالَةً بَعْدُ
আমি এখনও বিবাহ করিনি	لَمْ أَنْكِحْ بَعْدُ

৩। الْمَهْمُوْزُ

যে ক্রিয়া মুলের একটি অক্ষর أ তাকে الْفِعْلُ الْمَهْمُوْزُ বলে। যেমনঃ

مَصْدَرٌ	اَمْرٌ	الْمُضَارِعُ	الْمَاضِي	অর্থ
سُؤَالٌ	سَلْ/ اِسْئَلْ	يَسْأَلُ	سَأَلَ	প্রশ্ন করা
قِرَاءَةٌ	اِقْرَأْ	يَقْرَأُ	قَرَأَ	পড়া
أَخْذٌ	خُذْ	يَأْخُذُ	أَخَذَ	ধরা
أَكْلٌ	كُلْ	يَأْكُلُ	أَكَلَ	খাওয়া
أَمْرٌ	مُرْ	يَأْمُرُ	أَمَرَ *	আদেশ করা
أَمْنٌ	اِئْمَنْ	يَأْمَنُ	أَمِنَ	নিরাপদ হওয়া
اِبَاءٌ	اِئْبَ	يَأْبَى	أَبَى	অমান্য করা
رَأْيٌ	رَ	يَرَى	رَأَى *	দেখা
اِتْيَانٌ	اِئْتِ	يَأْتِي	أَتَى *	আসা
مَشِيئَةٌ	شَأْ	يَشَاءُ	شَاءَ *	চাওয়া
سَوْءٌ	سُؤْ	يَسُوءُ	سَاءَ	খারাপ হওয়া
مَجِيءٌ	جِئْ	يَجِيءُ	جَاءَ	আসা

الْمَاضِي অতীত কালের ক্রিয়া			
বহুবচন	দ্বিবচন	একবচন	
أَكَلُوْا	أَكَلَا	أَكَلَ	পুং
أَكَلْنَ	أَكَلَتَا	أَكَلَتْ	স্ত্রী
أَكَلْتُمْ	أَكَلْتُمَا	أَكَلْتَ	পুং
أَكَلْتُنَّ	أَكَلْتُمَا	أَكَلْتِ	স্ত্রী
أَكَلْنَا		أَكَلْتُ	উভয়

الْمُضَارِعُ বর্তমান কালের ক্রিয়া			
বহুবচন	দ্বিবচন	একবচন	
يَأْكُلُوْنَ	يَأْكُلَانِ	يَأْكُلُ	পুং
يَأْكُلْنَ	تَأْكُلَانِ	تَأْكُلُ	স্ত্রী
تَأْكُلُوْنَ	تَأْكُلَانِ	تَأْكُلُ	পুং
تَأْكُلْنَ	تَأْكُلَانِ	تَأْكُلِيْنَ	স্ত্রী
نَأْكُلُ		آكُلُ	উভয়

الْمَاضِي অতীত কালের ক্রিয়া			
বহুবচন	দ্বিবচন	একবচন	
سَأَلُوْا	سَأَلَا	سَأَلَ	পুং
سَأَلْنَ	سَأَلَتَا	سَأَلَتْ	স্ত্রী
سَأَلْتُمْ	سَأَلْتُمَا	سَأَلْتَ	পুং
سَأَلْتُنَّ	سَأَلْتُمَا	سَأَلْتِ	স্ত্রী
سَأَلْنَا		سَأَلْتُ	উভয়

الْمُضَارِعُ বর্তমান কালের ক্রিয়া			
বহুবচন	দ্বিবচন	একবচন	
يَسْأَلُوْنَ	يَسْأَلَانِ	يَسْأَلُ	পুং
يَسْأَلْنَ	تَسْأَلَانِ	تَسْأَلُ	স্ত্রী
تَسْأَلُوْنَ	تَسْأَلَانِ	تَسْأَلُ	পুং
تَسْأَلْنَ	تَسْأَلَانِ	تَسْأَلِيْنَ	স্ত্রী
نَسْأَلُ		أَسْأَلُ	উভয়

Contents

الْمَاضِي অতীত কালের ক্রিয়া			
বহুবচন	দ্বিবচন	একবচন	
قَرَأُوْا	قَرَآ	قَرَأَ	পুং
قَرَأْنَ	قرأَتَا	قَرَأَتْ	স্ত্রী
قَرَأْتُمْ	قَرَأْتُمَا	قَرَأْتَ	পুং
قَرَأْتُنَّ	قَرَأْتُمَا	قَرَأْتِ	স্ত্রী
قَرَأْنَا		قَرَأْتُ	উভয়

الْمُضَارِعُ বর্তমান কালের ক্রিয়া			
বহুবচন	দ্বিবচন	একবচন	
يَقْرَأُوْنَ	يَقْرَآنِ	يَقْرَأُ	পুং
يَقْرَأْنَ	تَقْرَآنِ	تَقْرَأُ	স্ত্রী
تَقْرَأُوْنَ	تَقْرَآنِ	تَقْرَأُ	পুং
تَقْرَأْنَ	تَقْرَآنِ	تَقْرَئِيْنَ	স্ত্রী
نَقْرَأُ		أَقْرَأُ	উভয়

Contents

অধ্যায়-২৯

১। الْمُضَعَّفُ

আল মুদা'য়াফ হল এমন ক্রিয়াপদ যার ع কালিমা ও ل কালিমা একই। যেমনঃ حَجَّ অর্থ সে হাজ্ব করলো। حَجَّ হল মূলত حَجَجَ যার ع কালিমার "হারকাত" উঠে গিয়ে হয়েছে حَجْجَ => حَجَّ । কিন্তু মুতাহাররিক সর্বনামের ক্ষেত্রে হারকাত ফিরে আসে। যেমনঃ حَجَجْنَ , حَجَجْتَ , حَجَجْتُمَا .... حَجَجْنَا

الْمُضَارِعُ এর ক্ষেত্রেও সাকিন সর্বনামের ক্ষেত্রে ل কালিমার" হারকাত "উঠে যায়। যেমনঃ يَحْجُجُ => يَحُجُّ কিন্তু মুতাহাররিক সর্বনামের ক্ষেত্রে হারকাত ফিরে আসে। যেমনঃ يَحْجُجْنَ

الْمَاضِي অতীত কালের ক্রিয়া			
বহুবচন	দ্বিবচন	একবচন	
حَجُّوْا	حَجَّا	حَجَّ	পুং
حَجَجْنَ	حَجَّتَا	حَجَّتْ	স্ত্রী
حَجَجْتُمْ	حَجَجْتُمَا	حَجَجْتَ	পুং
حَجَجْتُنَّ	حَجَجْتُمَا	حَجَجْتِ	স্ত্রী
حَجَجْنَا		حَجَجْتُ	উভয়

الْمُضَارِعُ বর্তমান কালের ক্রিয়া			
বহুবচন	দ্বিবচন	একবচন	
يَحُجُّوْنَ	يَحُجَّانِ	يَحُجُّ	পুং
يَحْجُجْنَ	تَحُجَّانِ	تَحُجُّ	স্ত্রী
تَحُجُّوْنَ	تَحُجَّانِ	تَحُجُّ	পুং
تَحْجُجْنَ	تَحُجَّانِ	تَحُجِّيْنَ	স্ত্রী
نَحُجُّ		أَحُجُّ	উভয়

মাজ্জুম ও আমরঃ

বর্তমানের রূপ يَحُجُّ কে মাজ্জুম করলে দাঁড়ায় يَحْجُجْ । দুই সাকিনের মিলন রোধে শেষে একটা হরকাত নিসে আসতে হয়। যেমন لَمْ يَحُجَّ । কিন্তু অন্যান্য ক্ষেত্রে এরুপ সমস্যা হয় না যেমন لَمْ يَحُجُّوْا

আদেশের ক্ষেত্রে تَحُجُّ এর মুদারীর আলামত تَ এবং শেষের পেশ উঠে যাবে অর্থাৎ حُجّ । দুই সুকুনের মিলন রোধে শেষে যবর আসবে এবং এক্ষেত্রে কোন হামজাতুল ওয়াসাল আনতে হবে না)যেহেতু প্রথমে সাকিন আসছে না(। সুতরাং সবশেষে আমরের রূপ হবে حُجَّ । উল্লেখ্য যে মুদা'য়াফ এর আমর এভাবেও হয়ঃ أُرْدُدْ , أُصْدُدْ ইত্যাদি।

مَصْدَرٌ	اَمْرٌ	الْمُضَارِعُ	الْمَاضِي	অর্থ
حَيَاةٌ	اِحْيَ	يَحْيَا	حَيَّ	জীবিত হওয়া
رَدٌّ	اُرْدُدْ	يَرُدُّ	رَدَّ	ফিরে যাওয়া
صَدٌّ	اُصْدُدْ	يَصُدُّ	صَدَّ	লুকানো
ضَرٌّ	اُضْرُرْ	يَضُرُّ	ضَرَّ	ক্ষতি করা
ظَنٌّ	اُظْنُنْ	يَظُنُّ	ظَنَّ *	মনে করা
عَدٌّ	اُعْدُدْ	يَعُدُّ	عَدَّ	গননা করা
مَدٌّ	اُمْدُدْ	يَمُدُّ	مَدَّ	ছড়ানো
وُدٌّ	اِوْدَدْ	يَوَدُّ	وَدَّ	ইচ্ছা করা
ضَلاَلَةٌ، ضَلاَلٌ	اِضْلِلْ	يَضِلُّ	ضَلَّ *	পথভ্রষ্ট হওয়া
غُرُورٌ	اِغْرِرْ	يَغِرُّ	غَرَّ	বিভ্রান্ত করা
مَسٌّ	اِمْسَسْ	يَمَسُّ	مَسَّ	স্পর্শ করা

অধ্যায়-৩০,৩১

১। অর্থ সহ পাঠ

বুক-৩

অধ্যায়-১

১। الْكَلِمَاتُ الْمَبْنِيَّةُ মাবনী

ইসমগুলো হয় مُعْرَبٌ যার বিভক্তি পরিবর্তনশীল অথবা مَبْنِيٌّ যার বিভক্তি অপরিবর্তনশীল। মোট সাত প্রকার ইসম মাবনী।

		উদাহরন	ব্যতিক্রম
১	أَسْماءُ الإِشَارَةِ	هٰذَا، ذٰلِكَ، أُولَئِكَ	هَذَانِ ، هَاتَانِ
২	أَسْماءُ الاسْتِفْهَامِ	مَا، مَنْ، أينَ ، مَتَى	
৩	ضَمِيْرٌ	هُوَ ، هُمَا ، هُمْ	
৪	الاسْمُ الْمَوْصُولُ	الَّذِي، الَّتِي ، الَّذِيْنَ	الِّذَانِ ، الَّتَانِ
৫	بَعْضُ الظُّرُوفِ	إذَا ، الآنَ ، أمْسِ	
৬	أَسْماءُ الأَفْعَالِ	أُفٍّ، آهِ ، آمِيْنْ	
৭	العَدَدُ الْمُرَكَّبَةُ	أَحَدَ عَشَرَ، إِحْدَى عَشْرَةَ	إِثْنَا عَشَرَ، إِثْنَتَا عَشْرَةَ

الْكَلِمَاتُ الْمَبْنِيَّةُ এর উদাহরন

مَرْفُوْعٌ	مَنْصُوْبٌ	مَجْرُوْرٌ
هٰذَا بَيْتٌ	سَمِعْتُ هٰذَا	فِي هٰذَا البَيْتِ
এটা একটি বাড়ি	আমি এটা শুনেছি	এই বাড়িটিতে
مَنْ هُوَ؟	ضَرَبَ مَنْ هُوَ؟	لِمَنْ هٰذَا الْقَلَمُ؟
সে কে?	সে কাকে মেরেছিল?	এই কলমটি কার?
هُوَ طَبِيْبٌ	انَا أعْرِفُهُ	لَهُ بَيْتٌ كَبِيْرٌ
সে একজন ডাক্তার	আমি তাকে চিনি	তার একটি বড় বাড়ি আছে

দুই ইসমের মিলন মাবনি

দুটি ইসম মিলে একটা ইসমের ন্যায় কাজ করে যেমন لَيْلَ نَهَارَ দিন-রাত, صَبَاحَ مَسَاءَ সকাল সন্ধ্যা। এগুলো মাবনি।

আমি দিন রাত কাজ করি	اَعْمَلُ لَيْلَ نَهَارَ
আমরা সকাল সন্ধ্যা আল্লাহর ইবাদাত করি	نَعْبُدُ اللهَ صَبَاحَ مَسَاءَ

২। اَلأَسْمَاءُ الْخَمْسَةُ পাচটি বিশেষ বিশেষ্য

পাঁচটি বিশেষ বিশেষ্য হলঃ اَبٌ، اَخٌ، حَمٌ، فَمٌ، ذُوْ এগুলো যখন মুদাফ হিসেবে আসে তখন , মারফু অবস্থায় و মানসুব অবস্থায় ا এবং মাজরুর অবস্থায় ي যোগ হয়। যেমন,

তোমার আব্বা কেমন আছেন ?	كَيْفَ اَبُوْكَ؟	মারফূ
আমি বেলালের আব্বাকে চিনি	اَعْرِفُ اَبَابِلاَلٍ	মানসূব
বেলালের বাবার দিকে গিয়েছিলাম	ذَهَبْتُ اِلَى اَبِيْ بِلاَلٍ	মাজরূর

তবে মুদাফ ইলাইহী ইয়া মুতাকাল্লিম হলে কিছু যোগ হয় না।

আমার আব্বা কোথায় গিয়েছিল ?	اَيْنَ ذَهَبَ اَبِيْ؟	মারফূ
তুমি কি আমার ভাইকে চেন?	اَتَعْرِفُ اَخِيْ؟	মানসূব
আমার ভাইয়ের থেকে ঠিকানাটা নাও	خُذِالْعُنْوَانَ مِنْ اَخِيْ	মাজরূর

৩। اَلْإِعْرَابُ التَّقْدِيْرِيُّ ইসমের বিভক্তির সুপ্তাবস্থা

সুপ্তাবস্থা মানে হল বিভক্তির আলামত যেমন পেশ, যবর, যের প্রকাশ্য নয়।

যুবকটি লাঠি দ্বারা সাপটি মারল	قَتَلَ اَلْفَتَى الْاَفْعَى بِالْعَصَا	মাকসুর (اَلْمَقْصُوْرُ) শেষে া বা ى থাকলে।
আমার দাদা আমার বন্ধু সহ আমার উস্তাদকে ডাকল	دَعَاجَدِّيْ أُسْتَاذِيْ مَعَ زُمَلاَئِيْ	ইয়া মুতাকাল্লিমের মুদাফ اَلْمضَافُ اِلَى ياءِ الْمُتَكَلِّمِ
বিচারক উকিলকে অপরাধী সম্পর্কে জিজ্ঞাসা করল	سَاَلَ الْقَاضِيْ الْمُحَامِيَ عَنِ الْجَانِيْ	মানকুছ (اَلْمَنْقُوْصُ) ي দ্বারা শেষ হওয়া শব্দ

লক্ষ্যনীয়ঃ

যখন মানকুছ গুলো তানবীন নেয় তখন শেষের ي লোপ পায়। যেমনঃ قَاضِيٌّ > قَاضٍ

অবশ্য তা মানসুব হলে ي ফিরে আসে। যেমনঃ سَأَلْتُ قَاضِيًا । এছাড়াও যখন মানকুছ নির্দিষ্ট ও মুদাফ হয় তখন ي ফিরে আসে। যেমনঃ قَاضِيْ مَكَّةَ، اَلْقَاضِيْ

কিছু শব্দের বিভক্তি মানকুসের বিভক্তির ন্যায়

নির্দিষ্ট	বহুবচন	একবচন	
اَلْمَعَانِي	مَعَانٍ	مَعْنًى	অর্থ
اَلْجَوَارِي	جَوَارٍ	جَارِيَةٌ	মেয়ে
اَللَّيَالِي	لَيَالٍ	لَيْلَةٌ	রাত
اَلنَّوَادِي	نَادٍ	نَوَادٍ	ক্লাব

৪। বিভক্তির আলামত

বিভক্তির আলামতগুলো কখনও ظَاهِرَةٌ প্রকাশ্য আবার কখনও التَّقْدِيْرِيُّ সুপ্ত। প্রকাশ্য আলামত গুলো আবার দুই প্রকার। الْأَصْلِيَّةُ এবং الْفَرْعِيَّةُ

عَلَامَاتُ الْإِعْرَبُ বিভক্তির আলামাত		
التَّقْدِيْرِيُّ সুপ্ত	ظَاهِرَةٌ প্রকাশ্য আলামত	
বাহ্যিক অবস্থা দেখে বোঝা যায় না বরং ব্যকরনগত অবস্থান হতে বোঝা যায়	الْفَرْعِيَّةُ গৌন	الْأَصْلِيَّةُ প্রাথমিক
اَلْمَقْصُوْرُ	الجَمْعُ الْمُذَكَّرُ السَّا لِمُ	মারফুর ضَمَّةٌ
اَلْمَنْقُوْصُ	الجَمعُ الْمُؤَنَّثُ السَّا لِمُ	মানসুবের فَتْحَةٌ
اَلْمضَافُ اِلَى ياءِ الْمُتَكَلِّمِ	اَلأَسْمَاءِالْخَمْسَةُ	মাজরুরের كَسْرَةٌ
	الْمُثَنَّى	
	المَمْنُوعُ مِنَ الصَّرْفِ	

৫। ইসমের মারফু, মানসুব ও মাজরুর অবস্থা

নিম্নোক্ত স্থানগুলোতে একটা ইসম মারফু হয়,

আল্লাহ সবচেয়ে মহান	اَللّٰهُ اَكْبَرُ	খবর ও মুবতাদা
দরজাটি খোলা ছিল	كَانَ الْبَابُ مَفْتُوْحًا	اِسْمُ كَانَ
নিশ্চয়ই আল্লাহ ক্ষমাশীল	اِنَّ اللّٰهَ غَفُوْرٌ	خَبَرُ اِنَّ
আল্লাহ সবকিছু সৃষ্টি করেছেন	خَلَقَ اللّٰهُ كُلَّ شَيءٍ	فَاعِلٌ
মানুষ সৃষ্টি হয়েছে মাটি থেকে	خُلِقَ الْإِنْسَانُ مِنْ طِيْنٍ	فَاعِلٌ নায়েব এর

দুটি ক্ষেত্রে ইসম মাজরুর হয়।

মানুষের উপর একটি যমানা আসবে	يَأْتِي عَلَى النَّاسِ زَمَانٌ	حَرْفُ جَرٍّ এর পরে হলে
মুহাম্মাদ) স (আল্লাহর রসুল	مُحَمَّدٌ رَسُوْلُ اللهِ	مُضَافٌ إِلَيْهِ হলে

নিম্নোক্ত ক্ষেত্রগুলোতে ইসমগুলো মানসুব হয়।

নিশ্চয়ই আল্লাহ ক্ষমাশীল	إنَّ اللّٰهَ غَفُوْرٌ	ইসমু ইন্না
খাদ্যটি সুস্বাদু ছিল	كَانَ الطَّعَامُ لَذِيْذًا	খবর কানা
পাঠটি বুঝেছিলাম	فَهِمْتُ الدَّرْسَ	মাফুলুন বিহী
আমার আব্বা রাতে সফর করেছিল	سَافَرَ اَبِيْ لَيْلاً	মাফুলুন ফিহী (৪২)
গরমের ভয়ে বের হইনি	مَاخَرَجْتُ خَوْفًا مِنَ الْحَرِّ	মাফুলুন লাহু(১১৬)
পাহাড় ধরে দৌড়িয়েছিলাম	سِرْتُ وَالْجَبَلَ	মাফুলুন মায়াহু
আল্লাহকে অধিকহারে স্বরন কর	اُذْكُرُوْ اللّٰهَ ذِكْرًا كَثِيْرًا	মাফুলুন মুতলাক(১১৪)
আমার দাদা বসে নামাজ পড়ে	جَدِّيْ يُصَلِّيْ قَاعِدًا	হাল(১২১)
আমি তোমার চেয়ে হাতের লেখায় ভালো	اَنَا اَحْسَنُ مِنْكَ خَطًّا	তামিজ(১১৯)
হামিদ ছাড়া সকল ছাত্র অনুপস্থিত	حَضَرَ الطُّلاَّبُ كُلُّهُمْ اِلَّا حَامِدًا	মুস্তাছনা(১২৪)
হে আল্লাহর বান্দা	يَا عَبْدَاللّٰهِ	মুনাদা যখন মুদাফ

নোটঃ ব্রাকেটে বিষয় গুলোর বিস্তারিত আলোচনার পয়েন্ট নম্বর দেওয়া হয়েছে।

৬। اَلتَّوَابِعُ ইসমের নির্ভরশীল বিভক্তি

নিম্নোক্ত ক্ষেত্রগুলোতে ইসমের বিভক্তি অন্য ইসমের উপর নির্ভরশীল।

নতুন ছাত্রটি কি উপস্থিত ছিল ?	اَحَضَرَ الطَّالِبُ الْجَدِيْدُ؟	
হেডমাষ্টার নতুন ছাত্রটিকে খুঁজছে	يَطْلُبُ الْمُدِيْرُ الطَّالِبَ الْجَدِيْدَ	نَعْتُ
এটা নতুন ছাত্রটির খাতা	هٰذَا دَفْتَرُ الطَّالِبِ الْجَدِيْدِ	
সকল ছাত্র উপস্থিত হয়েছিল	حَضَرَ الطُّلاَّبُ كُلُّهُمْ	
সকল ছাত্রকে জিজ্ঞাসা করেছিলাম	سَاَلْتُ الطُّلاَّبَ كُلَّهُمْ	اَلتَّوْكِيْدُ
সকল ছাত্রকে সালাম দিয়েছিলাম	سَلَّمْتُ عَلَى الطُّلاَّبِ كُلِّهِمْ	
হামিদ ও তার বন্ধু বের হয়েছিল	خَرَجَ حَامِدٌ وَ صَدِيْقُهُ	
হেডমাষ্টার হামিদ ও তার বন্ধুকে খুজেছিল	طَلَبَ الْمُدِيْرُ حَامِدًا وَ صَدِيْقَهُ	اَلْمَعْطُوْفُ

হামিদ ও তার বন্ধুর বইগুলো কই ?	اَيْنَ كُتُبُ حَامِدٍ وَ صَدِيْقِهِ؟	
এই ছাত্রটি কি পাশ করেছিল ?	اَنَجَحَ هٰذَا الطَّالِبُ؟	
আমি এই ছাত্রটিকে চিনি	اَعْرِفُ هٰذَا الطَّالِبَ	اَلْبَدَلُ
এই ছাত্রটির রুম কোথায় ?	اَيْنَ غُرْفَةُ هٰذَا الطَّالِبِ؟	

৭। ক্রিয়াপদের বিভক্তির পরিবর্তন

১) সালিম ক্রিয়ার বিভক্তি

মাজ্জুম	মানসুব	মারফু	
يَذْهَبْ	يَذْهَبَ	يَذْهَبُ	কর্তা পকেটেঃ এই গ্রুপের মারফু ,মানসুব ও মাজ্জুম প্রকাশ্য প্রাথমিক আলামত।
تَذْهَبْ	تَذْهَبَ	تَذْهَبُ	
اَذْهَبْ	اَذْهَبَ	اَذْهَبُ	
نَذْهَبْ	نَذْهَبَ	نَذْهَبُ	
يَذْهَبُوْا	يَذْهَبُوْا	يَذْهَبُوْنَ	ن আসে ن যায়ঃ এই গুপের মারফু অবস্থায় ن আসে মানসুব ও মাজ্জুম অবস্থায় ن যায়।
تَذْهَبُوْا	تَذْهَبُوْا	تَذْهَبُوْنَ	
تَذْهَبَا	تَذْهَبَا	تَذْهَبَانِ	
تَذْهَبِيْ	تَذْهَبِيْ	تَذْهَبِيْنَ	
يَذْهَبْنَ	يَذْهَبْنَ	يَذْهَبْنَ	تُنَّ، هُنَّ মাবনীঃ মারফু, মানসুব ও মাজ্জুমের রূপ একই।
تَذْهَبْنَ	تَذْهَبْنَ	تَذْهَبْنَ	

২) নাকিস ক্রিয়ার বিভক্তি

মাজ্জুম	মানসুব	মারফু
মাজ্জুম হলে শেষের দুর্বল অক্ষরটি উঠে যায়।	শেষে و বা ي থাকলে যবর হয় ى , থাকলে তা উচ্চারিত হয় না	শেষের পেশটি উঠে যায়
يَدْعُ	يَدْعُوَ	يَدْعُو
يَبْكِ	يَبْكِيَ	يَبْكِي
يَنْسَ	يَنْسَى	يَنْسَى

৮। ক্রিয়াপদের বিভক্তির সুপ্তাবস্থা

ক্রিয়াপদের ক্ষেত্রে দুটি অবস্থায় বিভক্তির আলামত প্রকাশ্য নয়,

সুপ্তাবস্থা)প্রকাশ্য(	মূল অবস্থা)অপ্রকাশ্য(	
يَمْشِي	يَمْشِيُ	النَّاقِصُ এর মারফু ও মানসুব অবস্থায়
يَتْلُو	يَتْلُوُ	
يَنْسَى	يَنْسَىُ	
يَنْسَى	يَنْسَىَ	
يَحُجَّ	يَحْجُجْ	اَلْمُضَعَّف এর মাজ্জুম অবস্থায়

Contents

অধ্যায়-২

১। وَ এর তিনটি ব্যবহার

ক) "এবং" অর্থে সংযোগকারী অব্যয় হিসেবে

আমি একটি বই ও একটি কলম চাই	أُرِيْدُ كِتَابًا وَقَلَمًا
আমার আব্বা ও আম্মা তাদের রুমে আছেন।	أَبِي وَ أُمِّي فِي غُرْفَتِهِمَا
আরবী আল কুরআনের ভাষা এবং সেটা জান্নাতেরও ভাষা।	الْعَرَبِيَّةُ لُغَةُ الْقُرْآنِ وَ هِيَ لُغَةُ الْجَنَّةِ أَيْضًا .

খ) কসমের জন্য বাক্যের শুরুতে وَ ব্যবহৃত হয়। وَ হল হারফ জার সুতরাং এর পর ইসমটি মাজরুর হবে। জোর দিতে হ্যা বোধক বাক্যে وَ এরপর لَقَد শব্দটি আসে কিন্তু না বোধক বাক্যে তা আসে না।

وَاللهِ لَقَدْ رَأَيْتُهُ فِي السُّوْقِ	وَاللهِ مَا رَأَيْتُهُ فِي السُّوْقِ
আল্লাহর কসম তাকে আমি বাজারে দেখেছিলাম	আল্লাহর কসম তাকে আমি বাজারে দেখিনি
وَاللهِ لَقَدْ كِدْتُ أَمُوْتُ	وَاللهِ مَا اَكَلتُ شَيْئًا
আল্লাহর কসম আমি প্রায় মরে গিয়েছিলাম	আল্লাহর কসম আমি কিছুই খাইনি

গ) وَ আল হাল (বিস্তারিত পরে)

আমার বাবা মারা গেছেন যখন আমি ছোট ছিলাম	مَاتَ اَبِيْ وَاَنَا صَغِيْرٌ
বালকটি আমার কাছে কান্নারত অবস্থায় আসল	جَاءَنِي الْوَلَدُ وَهُوَ يَبْكِيْ
তোমাদের উপর যুদ্ধ ফরয করা হয়েছে, অথচ তা তোমাদের কাছে অপছন্দনীয়	كُتِبَ عَلَيْكُمُ الْقِتَالُ وَهُوَ كُرْهٌ لَّكُمْ
আমি মসজিদে প্রবেশ করলাম যখন ইমাম রুকু করছিল	دَخَلْتُ الْمَسْجِدَ وَالْإِمَامُ يَرْكَعُ

লক্ষ্যণীয়ঃ

- و আল হাল এর পর নামপ্রধান বাক্যে ক্রিয়ার বর্তমানকাল ব্যবহৃত হলেও অর্থ অতীতকালের হবে।

২। "ধরো" বা "লও" অর্থে اِلَيْكُمْ، اِلَيْكَ ইত্যাদির ব্যবহার

এই বইটি ধরো ,হে বালক	اِلَيْكَ هٰذَا الْكِتَابَ يَاوَلَدُ
আরো কিছু উদাহরণ নাও	اِلَيْكُمْ اَمْثِلَةً اُخْرَى
তোমরা আল্লাহর কিতাব আঁকড়ে ধরে থাকবে	عَلَيْكُمْ بِكِتَابِ اللهِ

৩। দুয়া করার জন্য অতীত কালের ব্যবহার

আল্লাহ তার উপর রহম কর	رَحِمَهُ اللهُ
আল্লাহ তাকে ক্ষমা করুক	غَفَرَ اللّٰهُ لَهُ
আল্লাহ তোমার মুখকে ধ্বংস না করুক	لاَفَضَّ اللّٰهُ فَاكَ
আল্লাহ তোমাকে উত্তম প্রতিদান দিক	جَزَاكَ اللهُ خَيْرًا
আল্লাহ তাকে হেফাজত করুক	حَفِظَهُ اللهُ

৪। নিষেধাজ্ঞা, প্রশ্ন ও না-বোধক জোর দেওয়ার জন্য مِنْ এর ব্যবহার

কেউই অনুপস্থিত নয়	مَا غَابَ مِنْ اَحَدٍ	না বোধকে জোর
আমি কাউকেই দেখিনি	مَا رَاَيْتُ مِنْ اَحَدٍ	
এবং ধর্মের ব্যাপারে তোমাদের উপর কোনই সংকীর্ণতা রাখেননি	وَمَا جَعَلَ عَلَيْكُمْ فِي الدِّينِ مِنْ حَرَجٍ	
কেউ যেন বাইরে না যায়	لَا يَخْرُجْ مِنْ اَحَدٍ	নিষেধাজ্ঞা
কিছুই লিখো না	لَا تَكْتُبْ مِنْ شَيْءٍ	

কোন প্রশ্ন?	هَلْ مِنْ سُؤَالٍ؟	প্রশ্নবোধক
কেউ বাকি আছে?	هَلْ مِنْ مَزِيْدٍ؟	
নতুন কিছু?	هَلْ مِنْ جَدِيْدٍ؟	

লক্ষ্যনীয়ঃ প্রশ্নবোধকে কেবল هَلْ ব্যবহৃত হবে এবং مِنْ এর পরবর্তী إِسْمٌ টি অনিদিষ্ট

৫। لَدَى এর ব্যবহার

لَدَى হল ظَرْفٌ এর অর্থ "কাছে" । যেমনঃ كَانَ حَامِدٌ لَدَى الْبَابِ হামিদ দরজার কাছে ছিল।

এরপর সর্বনাম আসলে আলিফ মাকসুরা ي তে পরিণত হয়। যেমনঃ لَدَيْكَ তোমার কাছে

কুরআনীয় উদাহরনঃ

নিশ্চয় আমার কাছে আছে শিকল ও অগ্নিকুন্ড।	إِنَّ لَدَيْنَا أَنكَالًا وَجَحِيمًا
আমার কাছে কথা রদবদল হয় না	مَا يُبَدَّلُ الْقَوْلُ لَدَيَّ
তার সঙ্গী ফেরেশতা বলবেঃ আমার কাছে যে, আমলনামা ছিল, তা এই	وَقَالَ قَرِينُهُ هَٰذَا مَا لَدَيَّ عَتِيدٌ
নিশ্চয় এ কোরআন আমার কাছে সমুন্নত অটল রয়েছে লওহে মাহফুযে	وَإِنَّهُ فِي أُمِّ الْكِتَابِ لَدَيْنَا لَعَلِيٌّ حَكِيمٌ
এভাবে তার বৃত্তান্ত আমি সম্যক অবগত আছি।	كَذَٰلِكَ وَقَدْ أَحَطْنَا بِمَا لَدَيْهِ خُبْرًا
প্রত্যেক সম্প্রদায় নিজ নিজ মতবাদ নিয়ে আনন্দিত হচ্ছে।	كُلُّ حِزْبٍ بِمَا لَدَيْهِمْ فَرِحُونَ

৬। কাছে / দিকে অর্থে عَلَى এর ব্যবহার

আমি পরিচালকের অফিসে গিয়েছিলাম	دَخَلْتُ عَلَى الْمُدِيْرِ
সালাতের জন্য এসো	هَيَّا عَلَى الصَّلَةِ

৭। নিচের শব্দগুলো লক্ষ্যনীয়

এগুলোর বিভক্তি মানকুসের বিভক্তির ন্যায়।

নির্দিষ্ট	বহুবচন	একবচন	
اَلْمَعَانِي	مَعَانٍ	مَعْنَى	অর্থ
اَلْجَوَارِي	جَوَارٍ	جَارِيَةٌ	মেয়ে
اَللَّيَالِي	لَيَالٍ	لَيْلَةٌ	রাত
اَلنَّوَادِي	نَادٍ	نَوَادٍ	ক্লাব

অধ্যায়-৩

১। সালিম ক্রিয়ার কর্মবাচ্য রূপ اَلْفِعْلُ الْمَجْهُوْلُ

অতীত কালের ক্রিয়ার কর্মবাচ্যে ل কালিমায় যবর ও ع কালিমায় যের বসে (ইলা)। এর পূর্বে যেকোন অক্ষরে "পেশ" বসবে যদি সুকুন না থাকে।

অতীতকাল	কর্মবাচ্য ক্রিয়া	কর্তৃবাচ্য ক্রিয়া
সে কৃত হল	فُعِلَ	فَعَلَ
তাকে সাহায্য করা হল	نُصِرَ	نَصَرَ
তাকে শোনানো হল	سُمِعَ	سَمِعَ
সে অবতীর্ন হল	أُنْزِلَ	أَنْزَلَ
সে অবতীর্ন হল	نُزِّلَ	نَزَّلَ
সে ব্যবহৃত হল	أُسْتُخْدِمَ	إِسْتَخْدَمَ
সে ব্যবহৃত হল	أُسْتُعْمِلَ	إِسْتَعْمَلَ
তাকে ডাকা হল	نُوْدِيَ	نَادَى

বর্তমান কালের ক্রিয়ার কর্মবাচ্যে ل কালিমায় পেশ ও ع কালিমায় যবর বসে (আলু)। এর পুর্বে হারফু মুদারিয়া বাদে যেকোন অক্ষরে "যবর" বসবে যদি সুকুন না থাকে।

বর্তমান/ভবিষ্যৎ	কর্মবাচ্য ক্রিয়া	কর্তৃবাচ্য ক্রিয়া
তাকে সাহায্য করা হয়/হবে	يُنْصَرُ	يَنْصُرُ
তাকে প্রহার করা হয়/হবে	يُضْرَبُ	يَضْرِبُ
তাকে অবতীর্ন করা হয় /হবে	يُنْزَلُ	يَنْزِلُ
তাকে অবতীর্ন করা হয় /হবে	يُنَزَّلُ	يُنَزِّلُ
তাকে ব্যবহার করা হয় /হবে	يُسْتَعْمَلُ	يَسْتَعْمِلُ

উল্লেখ্য কর্মবাচ্য ক্রিয়াগুলো মাবনী।

কর্তার সাথে কর্মবাচ্যের ক্রিয়ার রূপ পরিবর্তনঃ

	অতীতকালের ক্রিয়া	
نُصِرُوْا	نُصِرَا	نُصِرَ
نُصِرْنَ	نُصِرَتَا	نُصِرَتْ
نُصِرْتُمْ	نُصِرْتُمَا	نُصِرْتَ
نُصِرْتُنَّ	نُصِرْتُمَا	نُصِرْتِ
نُصِرْنَا		نُصِرْتُ

	বর্তমানকালের ক্রিয়া	
يُنْصَرُوْنَ	يُنْصَرَانِ	يُنْصَرُ
يُنْصَرْنَ	تُنْصَرَانِ	تُنْصَرُ
تُنْصَرُوْنَ	تُنْصَرَانِ	تُنْصَرُ
تُنْصَرْنَ	تُنْصَرَانِ	تُنْصَرِيْنَ
نُنْصَرُ		أُنْصَرُ

কর্মবাচ্য ক্রিয়ার কিছু উদাহরণ

মানুষ সৃষ্টি হয়েছিল মাটি থেকে	خُلِقَ الْإِنْسَانُ مِنْ طِيْنٍ
কোন বছরে তুমি জন্মেছিলে?	فِيْ اَيِّ عَامٍ وُلِدْتَ؟
তিনি কাউকে জন্ম দেননি তাকেও কেউ জন্ম দেননি	لَمْ يَلِدْ وَلَمْ يُوْلَدْ.
আমিনা কি নিয়ে জিজ্ঞাসিত হয়েছিল?	عَمَّ سُئِلَتْ اَمِنَةُ؟
মানুষ কি মনে করেছে "আমরা ঈমান এনেছি" এ কথা বললেই তাদের ছেড়ে দেওয়া হবে অথচ তাদের পরীক্ষা করা হবে না?	أَحَسِبَ النَّاسُ أَنْ يُتْرَكُوا أَنْ يَقُولُوا آمَنَّا وَهُمْ لَا يُفْتَنُونَ

জান্নাতকে ঘিরে রাখা হয়ছে অপছন্দনীয় দ্বারা আর জাহান্নামকে ঘিরে রাখা হয়েছে পছন্দনীয় দ্বারা	حُفَّتِ الْجَنَّةُ بِالْمَكَارِهِ وَحُفَّتِ النَّارُ بِالشَّهَوَاتِ
নিশ্চয়ই যখন রুহ কবয করা হয় দৃষ্টি তার অনুসরন করে	إنَّ الرُّوحَ إذَا قُبِضَ تَبِعَهُ الْبَصَرُ

কতৃবাচক ক্রিয়া থেকে কর্মবচক ক্রিয়ায় রুপান্তরঃ

কতৃবাচক ক্রিয়া থেকে কর্মবাচক ক্রিয়ায় রুপান্তর করা হলে ফায়িল বিলুপ্ত হয় এবং এর মাফুলুন বিহি নায়েবে ফায়িলে পরিনত হয়। اَلْفِعْلُ الْمَجْهُوْلُ যার উপর আপোতিত হয় তাকে বলা হয় نَائِبُ الفَاعِلِ যা সর্বদা মারফু। যেমনঃ

نَائِبُ الفَاعِلِ	اَلْفِعْلُ الْمَجْهُوْلُ কর্মবাচক	اَلْفِعْلُ الْمَعْلُومُ কতৃবাচক
الْإِنْسَانُ	خُلِقَ الْإِنْسَانُ مِنْ طِيْنٍ	خُلِقَ اللهُ الْإِنْسَانَ مِنْ طِيْنٍ
الدَّرْسُ	يُشْرَحُ الدَّرْسُ مَرَّتَيْنِ	يَشْرَحُ الْمُدَرِّسُ الدَّرْسَ مَرَّتَيْنِ
المسِيْحُ	مَا صُلِبَ المسِيْحُ	مَا صَلَبَ اليَهُوْدُ المسِيْحَ
القَهْوَةُ	صُبَّ القَهْوَةُ فِي الفَنَاجِيْنِ	صَبَّ الرَّجُلُ القَهْوَةَ فِي الفَنَاجِيْنِ

যদি মাফুলুন বিহি সর্বনাম হয় তাহলে نَائِبُ الفَاعِلِ সর্বনামের মারফু অবস্থায় আসবে।

نَائِبُ الفَاعِلِ	اَلْفِعْلُ الْمَجْهُوْلُ কর্মবাচক	اَلْفِعْلُ الْمَعْلُومُ কতৃবাচক
تُ	عَمَّ سُئِلْتُ؟	عَمَّ سَأَلَكَ الْمُدِيْرُ؟
وْ	قُتِلُوا بِالْمُسَدَّسِ	قَتَلَهُم الْمُجْرِمُ بِالْمُسَدَّسِ
وْ	لا يُسْأَلُونَ عَنْ سَبَبٍ	لا يَسْأَلُهُم أَحَدٌ عَنْ سَبَبٍ
نَا	ضُرِبْنَا بِا لْعَصَا	ضَرَبَنَا الرَّجُلُ بِا لْعَصَا

২। মাহমুজ ক্রিয়ার কর্মবাচ্যের রূপ

অতীতকাল	কর্মবাচ্য ক্রিয়া	কর্তৃবাচ্য ক্রিয়া
সে আদেশ দিল	أُمِرَ	أَمَرَ
সে জিজ্ঞাসা করল	سُئِلَ	سَأَلَ

বর্তমান/ভবিষ্যৎ	কর্মবাচ্য ক্রিয়া	কর্তৃবাচ্য ক্রিয়া
সে আদিষ্ট হল	يُؤْمَرُ	يَأْمُرُ
সে জিজ্ঞাসিত হল	يُسْئَلُ	يَسْئَلُ

কর্তার সাথে কর্মবাচ্যের ক্রিয়ার রূপ পরিবর্তনঃ

سُئِلُوا	سُئِلَا	سُئِلَ
سُئِلْنَ	سُئِلَتَا	سُئِلَتْ
سُئِلْتُمْ	سُئِلْتُمَا	سُئِلْتَ
سُئِلْتُنَّ	سُئِلْتُمَا	سُئِلْتِ
سُئِلْنَا		سُئِلْتُ

বর্তমানকালের ক্রিয়ার কর্মবাচ্য রূপঃ

يُسْئَلُونَ	يُسْئَلَانِ	يُسْئَلُ
يُسْئَلْنَ	تُسْئَلانِ	تُسْئَلُ
تُسْئَلُونَ	تُسْئَلانِ	تُسْئَلُ
تُسْئَلْنَ	تُسْئَلانِ	تُسْئَلِيْنَ
نُسْئَلُ		أُسْئَلُ

Contents

৩। মুদায়াফ ক্রিয়ার কর্মবাচ্যের রূপ

অতীতকাল	কর্মবাচ্য ক্রিয়া	কর্তৃবাচ্য ক্রিয়া
তাকে কামড়ানো হল	عُضَّ	عَضَّ
তাকে স্পর্শ করা হল	مُسَّ	مَسَّ

বর্তমান/ভবিষ্যৎ	কর্মবাচ্য ক্রিয়া	কর্তৃবাচ্য ক্রিয়া
তাকে কামড়ানো হবে	يُعَضُّ	يَعَضُّ
তাকে স্পর্শ করা হবে	يُمَسُّ	يَمَسُّ

কর্তার সাথে কর্মবাচ্যের ক্রিয়ার রূপ পরিবর্তনঃ

عُضُّوْا	عُضَّا	عُضَّ
عُضَضْنَ	عُضَّتَا	عُضَّتْ
عُضَضْتُمْ	عُضَضْتُمَا	عُضَضْتَ
عُضَضْتُنَّ	عُضَضْتُمَا	عُضَضْتِ
عُضَضْنَا		عُضَضْتُ

বর্তমানকালের ক্রিয়ার কর্মবাচ্য রূপঃ

يُعَضُّوْنَ	يُعَضَّانِ	يُعَضُّ
يُعْضَضْنَ	تُعَضَّانِ	تُعَضُّ
تُعَضُّوْنَ	تُعَضَّانِ	تُعَضُّ
تُعْضَضْنَ	تُعَضَّانِ	تُعَضِّيْنَ
نُعَضُّ		أُعَضُّ

৪। মিছাল ক্রিয়ার কর্মবাচ্যের রূপ

অতীতকাল	কর্মবাচ্য ক্রিয়া	কর্তৃবাচ্য ক্রিয়া
পাওয়া গেল	وُجِدَ	وَجَدَ
রাখা হল	وُضِعَ	وَضَعَ

বর্তমান/ভবিষ্যৎ	কর্মবাচ্য ক্রিয়া	কর্তৃবাচ্য ক্রিয়া
পাওয়া যাবে	يُوْجَدُ	يَجِدُ
রাখা হবে	يُوْضَعُ	يَضَعُ

কর্তার সাথে কর্মবাচ্যের ক্রিয়ার রূপ পরিবর্তনঃ

وُجِدُوْا	وُجِدَا	وُجِدَ
وُجِدْنَ	وُجِدَتَا	وُجِدَتْ
وُجِدْتُمْ	وُجِدْتُمَا	وُجِدْتَ
وُجِدْتُنَّ	وُجِدْتُمَا	وُجِدْتِ
وُجِدْنَا		وُجِدْتُ

বর্তমানকালের ক্রিয়ার কর্মবাচ্য রূপঃ

يُوْجَدُوْنَ	يُوْجَدَانِ	يُوْجَدُ
يُوْجَدْنَ	تُوْجَدَانِ	تُوْجَدُ
تُوْجَدُوْنَ	تُوْجَدَانِ	تُوْجَدُ
تُوْجَدْنَ	تُوْجَدَانِ	تُوْجَدِيْنَ
نُوْجَدُ		أُوْجَدُ

৫| নাকিস ক্রিয়ার কর্মবাচ্যের রূপ

অতীতকাল	কর্মবাচ্য ক্রিয়া	কর্তৃবাচ্য ক্রিয়া
ডাকা হল	دُعِيَ	دَعَا
দেওয়া হল	أُتِيَ	أَتَى
ভুলিয়ে দেওয়া হল	نُسِيَ	نَسِيَ

বর্তমান/ভবিষ্যৎ	কর্মবাচ্য ক্রিয়া	কর্তৃবাচ্য ক্রিয়া
ডাকা হবে	يُدْعَى	يَدْعُو
দেওয়া হবে	يُؤْتَى	يَأْتِي
ভুলিয়ে দেওয়া হবে	يُنْسَى	يَنْسَى

কর্তার সাথে কর্মবাচ্যের ক্রিয়ার রূপ পরিবর্তনঃ

دُعُوْا	دُعِيَا	دُعِيَ
دُعِيْنَ	دُعِيَتَا	دُعِيَتْ
دُعِيْتُمْ	دُعِيْتُمَا	دُعِيْتَ
دُعِيْتُنَّ	دُعِيْتُمَا	دُعِيْتِ
دُعِيْنَا		دُعِيْتُ

বর্তমানকালের ক্রিয়ার কর্মবাচ্য রূপঃ

يُدْعَوْنَ	يُدْعَيَانِ	يُدْعَى
يُدْعَيْنَ	تُدْعَيَانِ	تُدْعَى
تُدْعَوْنَ	تُدْعَيَانِ	تُدْعَى
تُدْعَيْنَ	تُدْعَيَانِ	تُدْعَيْنَ
نُدْعَى		أُدْعَى

৬। مَفْعُوْلٌ فِيْهِ ক্রিয়া সংঘটনের সময়/স্থান

স্থান বা সময় বাচক إسم গুলোকে ظَرْفٌ বলে। নামবাচক বাক্যে তাদেরকে ظَرْفٌ ও ক্রিয়াবাচক বাক্যে তাদেরকে مَفْعُوْلٌ فِيْهِ বলে। এটা মানসুব।

শুক্রবারে আমি মক্কায় ছিলাম	كُنْتُ فِيْ مَكَّةَ يَوْمَ الْجُمُعَةِ
তোমরা এই সন্ধ্যায় কোথায় যাচ্ছ?	اَيْنَ تَذْهَبُوْنَ هٰذَا الْمَسَاءَ؟
আসছে বছর আমি আরবী ভাষা শিখব।	سَاَدْرُسُ اللُّغَةَ العَرَبِيَّةَ الْعَامَ الْقَادِمَ
তিনি রাত্রিকে দিবসে প্রবিষ্ট করেন এবং দিবসকে প্রবিষ্ট করেন রাত্রিতে	يُوْلِجُ اللَّيْلَ فِي النَّهَارِ وَيُوْلِجُ النَّهَارَ فِي اللَّيْلِ

مَفْعُوْلٌ فِيْهِ	ظَرْفٌ
جَلَسْتُ عِنْدَ المدِيْرِ	الطَّالِبُ عِنْدَ المدِيْرِ
نِمْتُ تَحْتَ الْشَّجَرَةِ	الْقِطُّ تَحْتَ الْمَكتَبِ

৭। مَفْعُوْلٌ مَعَهُ ক্রিয়া সংঘটনের সাথী

وَ অব্যয়টি مَعَ অর্থে ব্যবহার করে مَفْعُوْلٌ مَعَهُ গঠিত হয়। এরপর ইসমটি মানসুব।

পাহাড় ধরে দৌড়িয়েছিলাম	سِرْتُ وَ الْجِبَالَ

Contents

৮। اَلْمَنْسُوْبُ বিশেষ্যের বিশেষণ

বিশেষ্যের বিশেষণ		বিশেষ্য	
هِنْدِيٌّ	হিন্দুস্থানী	اَلْهِنْدُ	হিন্দ
اَخَوِيٌّ	ভাইসুলভ	اَخٌ	ভাই
اَبَوِيٌّ	পিতৃসুলভ	اَبٌ	পিতা
نَبَوِيٌّ	নবীসুলভ	نَبِيٌّ	নবী

নোটঃ শেষে ة থাকলে বাদ যায় যেমনঃ

مَكَّةٌ	مَكِّيٌّ
مَدْرَسَةٌ	مَدْرَسِيٌّ

৯। أُخْرَى ও آخَرُ এর ব্যবহার

آخَرُ অর্থ "অন্য" এর স্ত্রীবাচক হল أُخْرَى । এরা উভয়ই দ্বিত্ব।

আজ ইব্রাহীম ও অন্য একজন ছাত্র অনুপস্থিত	غَابَ الْيَوْمَ إِبْرَاهِيْمُ وَ طَالِبٌ آخَرُ
আমাদের শিক্ষক ও অন্য একজন শিক্ষককে জিজ্ঞাসা করেছিলাম	سَأَلْتُ مُدَرِّسَنَا وَ مُدَرِّسًا آخَرَ
আমি সূরা রহমান ও অন্য একটি সূরা মুখস্ত করেছিলাম	حَفِظْتُ سُوْرَةَ الرَّحْمنِ وَ سُوْرَةً أُخْرَى

آخَرُ "অন্য"- এর বচন ও লিঙ্গ

বহুবচন	একজন	
آخَرُوْنَ	آخَرُ	পুরুষ
أُخَرُ	أُخْرَى	স্ত্রী

বেলাল এবং অন্য একজন ছাত্র আজ অনুপস্থিত রয়েছে	غَابَ الْيَوْمَ بِلَالٌ وَطَالِبٌ اَخَرُ
বেলাল এবং অন্যান্য ছাত্ররা আজ অনুপস্থিত রয়েছে	غَابَ الْيَوْمَ بِلَالٌ وَطُلَّابٌ اَخَرُوْنَ
জয়নাব এবং অন্য এক ছাত্রী অনুপস্থিত রয়েছে	غَابَتْ زَيْنَبُ وَطَالِبَةٌ اُخْرَى
জয়নাব এবং অন্যান্য ছাত্রীরা অনুপস্থিত রয়েছে	غَابَتْ زَيْنَبُ وَطَالِبَاتٌ اُخَرُ

কুরআনীয় উদাহরনঃ

আল্লাহর সাথে অন্য মাবুদ সাব্যস্ত কর না	لَّا تَجْعَلْ مَعَ اللَّهِ إِلَٰهًا آخَرَ
এবং কোন বোঝা বহনকারী অন্য কারও বোঝা বহন করবে না	وَلَا تَزِرُ وَازِرَةٌ وِزْرَ أُخْرَىٰ
পুনরুত্থানের দায়িত্ব তাঁরই	وَأَنَّ عَلَيْهِ النَّشْأَةَ الْأُخْرَىٰ
নিশ্চয় সে তাকে আরেকবার দেখেছিল,	وَلَقَدْ رَآهُ نَزْلَةً أُخْرَىٰ
অতঃপর যদি তাদের একদল অপর দলের উপর চড়াও হয়, তবে তোমরা আক্রমণকারী দলের বিরুদ্ধে যুদ্ধ করবে	فَإِن بَغَتْ إِحْدَاهُمَا عَلَى الْأُخْرَىٰ فَقَاتِلُوا الَّتِي تَبْغِي
আমি তোমার প্রতি আরও একবার অনুগ্রহ করেছিলাম।	وَلَقَدْ مَنَنَّا عَلَيْكَ مَرَّةً أُخْرَىٰ
সেগুলোই কিতাবের আসল অংশ। আর অন্যগুলো রূপক।	هُنَّ أُمُّ الْكِتَابِ وَأُخَرُ مُتَشَابِهَاتٌ

১০। صَلَّى + بِ এর ব্যবহার

صَلِّ	يُصَلِّى	صَلَّى
সলাত পড়	সে সলাত পড়ে	সে সলাত পড়ল

সে আমাদের সলাত পড়ায়	صَلَّى بِنَا
আমাদের সলাত পড়াও	صَلِّ بِنَا

Contents

১১। وَاِمَّا .... اِمَّا এর ব্যবহার

وَاِمَّا .... اِمَّا অর্থ "হয়...অথবা" বা ইংরেজিতে either........ or

ইসম হয় পুরুষবাচক অথবা স্ত্রী	اَلْاِسْمُ اِمَّا مُذَكَّرٌ وَاِمَّا مُؤَنَّثٌ
হয় তুমি আমাকে দেখতে আসবে অথবা আমি তোমাকে দেখতে যাবো	اِمَّ تَزُوْرُنِيْ وَاِمَّا اَزُوْرُكَ

১২। اِسْمُ الْجِنْسِ الْجَمْعِيُّ ইসমের বংশগত বহুবচনের একবচন

এটা দুইভাবে হয় ক) ي যোগে খ) ة যোগে

	একবচন	বহুবচন	
আরবী	عَرَبِيٌّ	عَرَبٌ	ي যোগে
তুর্কী	تُرْكِيٌّ	تُرْكٌ	
ইংলিশ	اِنْكِلِيْزِيٌّ	اِنْكِلِيْزٌ	
আপেল	تُفَّاحَةٌ	تُفَّاحٌ	ة যোগে
বৃক্ষ	شَجَرَةٌ	شَجَرٌ	
মাছ	سَمَكَةٌ	سَمَكٌ	
কলা	مَوْزَةٌ	مَوْزٌ	

কুরআনীয় উদাহরনঃ

কিতাব অনারব ভাষায় আর রসূল আরবী ভাষী	أَأَعْجَمِيٌّ وَعَرَبِيٌّ
এবং এ কোরআন পরিষ্কার আরবী ভাষায়	وَهَٰذَا لِسَانٌ عَرَبِيٌّ مُّبِينٌ
এটি একটি বৃক্ষ, যা উদগত হয় জাহান্নামের মূলে	إِنَّهَا شَجَرَةٌ تَخْرُجُ فِي أَصْلِ الْجَحِيمِ

Contents

অধ্যায়-৪

১। সালিম ক্রিয়ার اِسْمُ الْفَاعِلِ ও إِسْمُ مَفْعُوْلِ

ক্রিয়ার সংগঠনকারীর নামকে اِسْمُ الْفَاعِلِ বলে। যেমন যে সাহায্য করেছে সে হল – نَاصِرٌ যার উপর ক্রিয়া আপতিত হয় তাকে إِسْمُ مَفْعُوْلِ বলে। যেমন যাকে সাহায্য করা হয়েছে সে হল مَنْصُوْرٌ

সালিম ক্রিয়ার اِسْمُ الْفَاعِلِ ও إِسْمُ مَفْعُوْلِ			
إِسْمُ مَفْعُوْلِ	إِسْمُ فَاعِلِ	اَلْمَاضِي	অর্থ
مَطْلُوْبٌ	طَالِبٌ	طَلَبَ	অন্বেষন করা
مَغْضُوبٌ	غَاضِبٌ	غَضَبَ	গযব দেওয়া
–	دَاخِلٌ	دَخَلَ	প্রবেশ করা
مَقْتُوْلٌ	قَاتِلٌ	قَتَلَ	হত্যা করা
–	فَاسِدٌ	فَسَدَ	বিশৃঙ্খলা করা
مَحْكُوْمٌ	حَاكِمٌ	حَكَمَ	বিচার করা
–	قَاعِدٌ	قَعَدَ	বসা
مَتْرُوْكٌ	تَارِكٌ	تَرَكَ	ছেড়ে দেওয়া
مَنْقُوْضٌ	نَاقِضٌ	نَقَضَ	চুক্তি ভংগ করা
مَنْظُوْرٌ	نَاظِرٌ	نَظَرَ	লক্ষ্য করা
مَكْفُوْرٌ	كَافِرٌ	كَفَرَ	অবিশ্বাস করা
مَدْرُوْسٌ	دَارِسٌ	دَرَسَ	অধ্যায়ন করা
مَبْلُوْغٌ	بَالِغٌ	بَلَغَ	পৌছানো
–	شَاكِرٌ	شَكَرَ	কৃতজ্ঞতা করা

Contents

২। মাহমুজ ক্রিয়ার إِسْمُ الْفَاعِلِ ও إِسْمُ مَفْعُوْل

মাহমুজ ক্রিয়ার إِسْمُ الْفَاعِلِ ও إِسْمُ مَفْعُوْل			
إِسْمُ الْمَفْعُوْل	**إِسْمُ فَاعِل**	**الْمَاضِي**	**অর্থ**
مَسْؤُوْلٌ	سَائِلٌ	سَأَلَ	প্রশ্ন করা
مَقْرُوْءٌ	قَارِئٌ	قَرَأَ	পড়া
مَأْخُوذٌ	آخِذٌ	أَخَذَ	ধরা
مَأْكُولٌ	آكِلٌ	أَكَلَ	খাওয়া
مَأْمُورٌ	آمِرٌ	أَمَرَ *	আদেশ করা
مَأْمُونٌ	آمِنٌ	أَمِنَ	নিরাপদ হওয়া
	آبٍ	أَبَى	অমান্য করা
مَرْئِيٌّ	رَاءٍ	رَأَى *	দেখা
مَأْتِيٌّ	آتٍ	أَتَى *	আসা
	شَاءٍ	شَاءَ *	চাওয়া
مَسَاوِئٌ	سَاوِئٌ	سَاءَ	খারাপ হওয়া
	جَاءٍ	جَاءَ	আসা

Contents

৩। মুদায়াফ ক্রিয়ার اِسْمُ الْفَاعِلِ ও إِسْمُ مَفْعُوْل

মুদায়াফ ক্রিয়ার اِسْمُ الْفَاعِلِ ও إِسْمُ مَفْعُوْل			
إِسْمُ الْمَفْعُوْل	**إِسْمُ فَاعِل**	**الْمَاضِي**	**অর্থ**
–	حَيٌّ	حَيَّ	জীবিত হওয়া
مَرْدُوْدٌ	رَادٌّ	رَدَّ	ফিরে যাওয়া
–	صَادٌّ	صَدَّ	লুকানো
مَضْرُوْرٌ	ضَارٌّ	ضَرَّ	ক্ষতি করা
مَظْنُوْنٌ	ظَانٌّ	ظَنَّ *	মনে করা
مَعْدُوْدٌ	عَادٌّ	عَدَّ	গননা করা
مَمْدُوْدٌ	مَادٌّ	مَدَّ	ছড়ানো
–	وَادٌّ	وَدَّ	ইচ্ছা করা
–	ضَالٌّ	ضَلَّ *	পথভ্রষ্ট হওয়া
مَغْرُوْرٌ	غَارٌّ	غَرَّ	বিভ্রান্ত করা
مَمْسُوْسٌ	مَاسٌّ	مَسَّ	স্পর্শ করা

অধ্যায়-৫

১। আজওয়াফ ক্রিয়ার কর্মবাচ্যের রূপ

অতীতকাল	কর্মবাচ্য ক্রিয়া	কর্তৃবাচ্য ক্রিয়া
বলা হল	قِيْلَ	قَالَ
বিক্রি করা হল	بِيْعَ	بَاعَ
বাড়ানো হল	زِيْدَ	زَادَ

বর্তমান/ভবিষ্যৎ	কর্মবাচ্য ক্রিয়া	কর্তৃবাচ্য ক্রিয়া
বলা হয়/হবে	يُقَالُ	يَقُوْلُ
বিক্রি করা হয়/হবে	يُبَاعُ	يَبِيْعُ
বাড়ানো হয়/হবে	يُزَادُ	يَزِيْدُ

কর্তার সাথে কর্মবাচ্যের ক্রিয়ার রূপ পরিবর্তনঃ

قِيْلُوْا	قِيْلَا	قِيْلَ
قِلْنَ	قِيْلَتَا	قِيْلَتْ
قِلْتُمْ	قِلْتُمَا	قِلْتَ
قِلْتُنَّ	قِلْتُمَا	قِلْتِ
قِلْنَا		قِلْتُ

বর্তমানকালের ক্রিয়ার কর্মবাচ্য রূপঃ

يُقَالُوْنَ	يُقَالَانِ	يُقَالُ
يُقَلْنَ	تُقَالَانِ	تُقَالُ
تُقَالُوْنَ	تُقَالَانِ	تُقَالُ
تُقَلْنَ	تُقَالَانِ	تُقَالِيْنَ
نُقَالُ		أُقَالُ

২। মিছাল ক্রিয়ার إِسْمُ الْفَاعِلِ ও إِسْمُ مَفْعُوْل

মিছাল ক্রিয়ার إِسْمُ الْفَاعِلِ ও إِسْمُ مَفْعُوْل			
إِسْمُ الْمَفْعُوْل	إِسْمُ الْفَاعِلِ	الْمَاضِي	অর্থ
–	وَاذِرٌ	وَذَرَ	পেছনে ফেলা
مَوْضُوْعٌ	وَاضِعٌ	وَضَعَ	রাখা
–	وَاقِعٌ	وَقَعَ	পড়ে যাওয়া
مَوْهُوْبٌ	وَاهِبٌ	وَهَبَ	দান করা
مَوْجُوْدٌ	وَاجِدٌ	وَجَدَ *	খুঁজে পাওয়া
مَوْرُوْثٌ	وَارِثٌ	وَرِثَ	উত্তরাধীকারী হওয়া
–	وَازِرٌ	وَزَرَ	ওজন বহন করা
مَوْصُوْفٌ	وَاصِفٌ	وَصَفَ	বর্ননা করা
مَوْعُوْدٌ	وَاعِدٌ	وَعَدَ *	ওয়াদা করা
مَوْسُوْعٌ	وَاسِعٌ	وَسِعَ	আয়ত্ব করা
مَوْصُوْلٌ	وَاصِلٌ	وَصَلَ	পৌছানো
مَوْهُوْبٌ	وَاهِبٌ	وَهَبَ	মঞ্জুর করা
–	يَاسِرٌ	يَسِرَ	সহজ করা
–	يَافِعٌ	يَفَعَ	বেড়ে ওঠা
–	يَابِسٌ	يَبُسَ	শুকানো
مَيْؤُوسٌ	يَائِسٌ	يَئِسَ	আশা ছেড়ে দেওয়া

৩। আজওয়াফ ক্রিয়ার اِسْمُ الْفَاعِلِ ও إِسْمُ مَفْعُوْل

আজওয়াফ ক্রিয়ার اِسْمُ الْفَاعِلِ ও إِسْمُ مَفْعُوْل			
إِسْمُ الْمَفْعُوْل	**إِسْمُ فَاعِل**	**اَلْمَاضِي**	**অর্থ**
–	تَائِبٌ	تَابَ	তাওবা করা
–	ذَائِقٌ	ذَاقَ	স্বাদ নেওয়া
–	فَائِزٌ	فَازَ	সফল হওয়া
–	قَائِلٌ	قَالَ *	বলা
مَقُوْمٌ	قَائِمٌ	قَامَ	দাঁড়ানো
مَكُوْنٌ	كَائِنٌ	كَانَ *	হওয়া
–	مَائِتٌ	مَاتَ	মরে যাওয়া
مَخَافٌ	خَائِفٌ	خَافَ	ভীত হওয়া
–	كَائِدٌ	كَادَ	প্রায় হওয়া
–	كَائِدٌ	كَادَ	কৌশল করা
مَزِيدٌ	زَائِدٌ	زَادَ *	বাড়ানো
مَبِيْعٌ	بَائِعٌ	بَاعَ	বিক্রি করা
مَسِيْرٌ	سَائِرٌ	سَارَ	হাটা
مَعِيْشٌ	عَائِشٌ	عَاشَ	বেঁচে থাকা
مَغِيْبٌ	غَائِبٌ	غَابَ	অনুপস্থিত থাকা
–	كَائِلٌ	كَالَ	পরিমাপ করা
مَزُوْرٌ	زَائِرٌ	زَارَ	পরিদর্শন করা
–	طَائِفٌ	طَافَ	তাওয়াফ করা

Contents

৪। নাকিস ক্রিয়ার إِسْمُ الْفَاعِلِ ও إِسْمُ مَفْعُوْل

নাকিস ক্রিয়ার إِسْمُ الْفَاعِلِ ও إِسْمُ مَفْعُوْل			
إِسْمُ الْمَفْعُوْل	إِسْمُ فَاعِل	اَلْمَاضِي	অর্থ
مَتْلُوٌّ	تَالٍ	تَلَا	তিলোয়াত করা
مَدْعُوٌّ	دَاعٍ	دَعَا *	ডাকা
مَعْفُوٌّ	عَافٍ	عَفَا	ক্ষমা করা
مَشْكُوٌّ	شَاكٍ	شَكَا	অভিযোগ করা
مَمْحُوٌّ	مَاحٍ	مَحَا	মুছে ফেলা
مَرْجُوٌّ	رَاجٍ	رَجا	আশা করা
مَسْقِيٌّ	سَاقٍ	سَقَى	পান করানো
مَبْنِيٌّ	بَانٍ	بَنَى	বানানো
مَبْغِيٌّ	بَاغٍ	بَغَى	খুব চাওয়া
مَنْهِيٌّ	ناهٍ	نَهَى	নিষেধ করা
مَجْرِيٌّ	جَارٍ	جَرَى	প্রবাহিত হওয়া
مَقْضِيٌّ	قَاضٍ	قَضَى	পূর্ন করা
–	كَافٍ	كَفَى	যথেষ্ঠ হওয়া
مَهْدِيٌّ	هَادٍ	هَدَى *	পথ দেখানো
–	خَاشٍ	خَشِيَ	ভয় করা
مَرْضَى	رَاضٍ	رَضِيَ	সন্তুষ্ট হওয়া
مَنْسَى	نَاسٍ	نَسِيَ *	ভুলে যাওয়া
مَبْقَى	بَاقٍ	بَقِيَ	স্থায়ী হওয়া
مَلْقَى	لَاقٍ	لَقِيَ	মিলিত হওয়া

অধ্যায়-৬

১। সময় ও স্থানবাচক ইসম اِسْمَاالْمَكَانِ ও اِسْمَاالزَمَانِ

ক্রিয়া সংগঠনের স্থানকে اِسْمَاالْمَكَانِ এবং ক্রিয়া সংগঠনের সময়কে اِسْمَاالزَمَانِ বলে। এদের রূপ একই।

নিম্নোক্ত দুটি ক্ষেত্রে এগুলো مَفْعَلٌ আকারে হয়,

অর্থ	স্থান/সময়	মুদারী	মাদী	
খেলার মাঠ	مَلْعَبٌ	يَلْعَبُ	لَعِبَ	সালিম ক্রিয়ার মুদারীতে ع কালিমায় যবর বা পেশ হলে
পানশালা	مَشْرَبٌ	يَشْرَبُ	شَرِبَ	
প্রবেশ পথ	مَدْخَلٌ	يَدْخُلُ	دَخَلَ	
রান্না ঘর	مَطْبَخٌ	يَطْبُخُ	طَبَخَ	
বিনোদন স্থল	مَلْهًى	يَلْهُو	لَهَا	হলে ক্রিয়া নাকিস
হাটার স্থান	مَمْشًى	يَمْشِي	مَشَى	
প্রবাহ স্থান	مَجْرًى	يَجْرِي	جَرَى	

কিছু কিছু ক্ষেত্রে মুদারীর ع কালিমায় যবর পেশ হলেও مَفْعِلٌ গঠনের হয়। যেমনঃ

অর্থ	স্থান/সময়	মুদারী	মাদী
মাসজিদ	مَسْجِدٌ	يَسْجُدُ	سَجَدَ
পুর্ব	مَشْرِقٌ	يَشْرُقُ	شَرَقَ
পশ্চিম	مَغْرِبٌ	يَغْرُبُ	غَرَبَ

নিম্নোক্ত দুটি ক্ষেত্রে এগুলো مَفْعِلٌ আকারে হয়,

অর্থ	স্থান/সময়	মুদারী	মাদী	
আসন	مَجْلِسٌ	يَجْلِسُ	جَلَسَ	সালিম ক্রিয়ার মুদারীতে ع কালিমায় যের হলে
অবতরন স্থল	مَنْزِلٌ	يَنْزِلُ	نَزَلَ	
প্রহার স্থান	مَضْرِبٌ	يَضْرِبُ	ضَرَبَ	
থামার স্থান	مَوْقِفٌ	يَقِفُ	وَقَفَ	মিছাল ক্রিয়া হলে
রাখার স্থান	مَوْضِعٌ	يَضَعُ	وَضَعَ	
পাওয়ার স্থান	مَوْجِدٌ	يَجِدُ	وَجَدَ	

নোটঃ

- উভয় ক্ষেত্রেই ة যোগ হতে পারে ,যেমনঃ مَنْزِلَةٌ ، مَدْرَسَةٌ ، مَشْئَمَةٌ ، مَقْبَرَةٌ
- উভইয় প্যাটার্নেরই বহুবচন হলো مَفَاعِلُ যা দ্বিত্ব। যেমন مَسَاجِدُ
- ইসম মাফউল গুলোও اِسْمَاالْمَكَانِ ও اِسْمَاالزَمَانِ হিসেবে ব্যবহৃত হয়। যেমন مَدْخَلٌ ، مُقَامٌ ، مُصَلًّى

অধ্যায়-৭

১। ক্রিয়া সম্পাদনের উপকরণ إِسْمُ الآلَةِ

এগুলোর তিনটি প্যাটার্ন আছে

চাবি	مِفْتَاحٌ	খোলা	فَتَحَ	مِفْعَالٌ
আয়না	مِرْآةٌ	দেখা	رَأَى	
নিক্তি	مِيْزَانٌ	ওজন করা	وَزَنَ	
বাতি	مِصْبَاحٌ	সকাল হওয়া	صَبِحَ	
লিফট	مِصْعَدٌ	ওপরে ওঠা	صَعِدَ	مِفْعَلٌ
ড্রিল	مِثْقَبٌ	খোদাই করা	ثَقَبَ	
ঝাটা	مِكْنَسَةٌ	ঝাড়ু দেওয়া	كَنَسَ	مِفْعَلَةٌ
ফ্রাইপ্যান	مِقْلاَةٌ	ভাঁজা	قَلَى	
ইস্ত্রী	مِكْوَاةٌ	ইস্ত্রী করা	كَوَى	

অধ্যায়-৮

১। تَعَالَ শব্দের ব্যবহার

تَعَالَ একটা আদেশ। অর্থ‘ ,আসো’। সে আসল এই অর্থে ব্যবহৃত ক্রিয়া হল جَاءَ-يَجِيْ ও اَتَيَ-يَاْتِي কিন্তু “আদেশে” ব্যবহৃত হয় تَعَالَ এর রুপগুলো হলঃ

বহুবচন	দ্বিবচন	একবচন	
تَعَالَوْا	تَعَالَيَا	تَعَالَ	পুং
تَعَالَيْنَ	تَعَالَيَا	تَعَالِي	স্ত্রী

Note تَعَالَى :হলো একটি Verb যার অর্থ সে উপরে উঠল ,সে উচ্চ হল ইত্যাদি। আমর تَعَالَ এর মূল অর্থ হলো“ উঠে আসো”

কুরআনীয় উদাহরনঃ

আপনি বলুনঃ এস, আমি তোমাদেরকে ঐসব বিষয় পাঠ করে শুনাই, যেগুলো তোমাদের প্রতিপালক তোমাদের জন্যে হারাম করেছেন	قُلْ تَعَالَوْا أَتْلُ مَا حَرَّمَ رَبُّكُمْ
আর যখন আপনি তাদেরকে বলবেন, আল্লাহর নির্দেশের দিকে এসো-যা তিনি রসূলের প্রতি নাযিল করেছেন, তখন আপনি মুনাফেকদিগকে দেখবেন, ওরা আপনার কাছ থেকে সম্পূর্ণ ভাবে সরে যাচ্ছে	وَإِذَا قِيلَ لَهُمْ تَعَالَوْا إِلَى مَا أَنزَلَ اللَّهُ وَإِلَى الرَّسُولِ رَأَيْتَ الْمُنَافِقِينَ يَصُدُّونَ عَنكَ صُدُودًا

অধ্যায়-৯

১। كِلَا "উভয়" পুং এবং كِلْتَا "উভয়" স্ত্রী এর ব্যবহার

كِلَا শব্দের অর্থ" উভয় "পুং এবং এর স্ত্রীবাচক كِلْتَا । এরা উভয়েই মুদাফ। সুতরাং এর পরবর্তী মুদাফ ইলাইহী দ্বিবচন মাজরুর হবে। যেমনঃ

كِلَا اَلْطَّالِبَيْنِ فِيْ الْمَكْتَبَةِ	উভয় ছাত্র লাইব্রেরীতে।
كِلْتَا اَلْسَّيَّارَتَيْنِ اَمَامَ الْبَيْتِ	উভয় গাড়ি বাড়িটির সামনে

كِلَا ও كِلْتَا উভয়কেই একবচন ধরা হয় । তাই এদের খবর একবচন হয়। [দ্বিবচনও অনুমোদিত]

كِلَا اَلْطَّالِبَيْنِ ذَهَبَ	উভয় ছাত্র গিয়েছিল
كِلْتَا السَّاعَتَيْنِ جَمِيْلَةٌ	সুন্দর ঘড়ি উভয়

কুরআনীয় উদাহরনঃ

إِمَّا يَبْلُغَنَّ عِندَكَ الْكِبَرَ أَحَدُهُمَا أَوْ كِلَاهُمَا فَلَا تَقُل لَّهُمَا أُفٍّ	তাদের মধ্যে কেউ অথবা উভয়েই যদি তোমার জীবদ্দশায় বার্ধক্যে উপনীত হয়; তবে তাদেরকে 'উহ' শব্দটিও বলো না
كِلْتَا الْجَنَّتَيْنِ آتَتْ أُكُلَهَا وَلَمْ تَظْلِم مِّنْهُ شَيْئًا	উভয় বাগানই ফলদান করে এবং তা থেকে কিছুই হ্রাস করত না

كِلَا ও كِلْتَا উভয়ই মানসুব ও মাজরুর অবস্থায় অপরিবর্তনীয় যখন তাদের মুদাফ ইলাইহি কোন إِسْمٌ হয়। আর যদি মুদাফ ইলাইহি ضَمِيْرٌ হয় তাহলে এর বিভক্তি দ্বিবচনের ন্যায়।

	বিভক্তি অপরিবর্তনীয় যখন মু.ই إِسْمٌ	বিভক্তি পরিবর্তনীয় যখন মু.ই ضَمِيْرٌ
মারফু	كِلَا اَلْطَّالِبَيْنِ مَسْرُوْرٌ	كِلَانَا مَسْرُوْرٌ
মানসুব	اَعْرِفُ كِلَا اَلْطَّالِبَيْنِ	رَاَيْتُ كِلَيْهِمَا
মাজরুর	بَحَثْتُ عَنْ كِلَا اَلْطَّالِبَيْنِ	بَحَثْتُ عَنْ كِلَيْهِمَا

২। দ্বিবচনগুলো মুদাফ হলে ن উঠে যায়।

বেলালের দুই কন্যা কোথায় ?	اَيْنَ بِنْتَا بِلَالٍ؟	بِنْتَانِ
বেলালের দুই কন্যাকে দেখেছিলাম	رَاَيْتُ بِنْتَيْ بِلَالٍ؟	بِنْتَيْنِ
বেলালের দুই কন্যাকে খুজছি	أَبْحَثُ عَنْ بِنْتَيْ بِلَالٍ؟	بِنْتَيْنِ

বহুবচন	দ্বিবচন	একবচন	
كِتَابَاهُمْ	كِتَابَاهُمَا	كِتَابَاهُ	পুং
كِتَابَاهُنَّ	كِتَابَاهُمَا	كِتَابَاهَا	স্ত্রী
كِتَابَاكُمْ	كِتَابَاكُمَا	كِتَابَاكَ	পুং
كِتَابَاكُنَّ	كِتَابَاكُمَا	كِتَابَاكِ	স্ত্রী
كِتَابَانَا		كِتَابَايَ	উভয়

বহুবচন	দ্বিবচন	একবচন	
كِتَابَيْهِمْ	كِتَابَيْهِمَا	كِتَابَيْهِ	পুং
كِتَابَيْهِنَّ	كِتَابَيْهِمَا	كِتَابَيْهَا	স্ত্রী
كِتَابَيْكُمْ	كِتَابَيْكُمَا	كِتَابَيْكَ	পুং
كِتَابَيْكُنَّ	كِتَابَيْكُمَا	كِتَابَيْكِ	স্ত্রী
كِتَابَيْنَا		كِتَابَيَّ	উভয়

৩। ‘ ي ‘ ইয়া মুতাকাল্লিমের বিভক্তি

ي (আমার/ আমাকে) আরবীতে একে বলা হয় ইয়া মুতাকাল্লিম। ইয়া মুতাকাল্লিমের পুর্বে যের/যবর/পেশ হলে সাকিন আর পুর্বে يْ বা ا থাকলে ‘যবর’ হয়।

পূর্বে يْ	পূর্বে ا	পূর্বে যের/যবর/পেশ	
رِجْلَيْ+ ي = رِجْلَيَّ আমার পা দুটিকে	بِنْتَا+ي = بِنْتَايَ আমার কন্যাদ্বয়	كِتَابُ + ي = كِتَابِيْ	আমার বইটি
		كِتَابَ + ي = كِتَابِيْ	আমার বইটিকে
		كِتَابِ + ي = كِتَابِيْ	আমার বইটির

৪। أَتَى – يَأْتِي এর ব্যবহার

‘সে আসল ’এর আমর إِيْتِ (ঈতি) যা মূলত إِئْتِ । এটা একারণে যে দুটি হামজা একসাথে হওয়ায় أَأْ=آ, أِأْ=إِيْ এবং أُأْ=أُوْ হয়। কিন্তু إِيْتِ এর আগে কোন শব্দ আসলে প্রথম হামজাতুল ওয়াসলি উঠে যায়। যেমন فأْتِ, وأْتِ

মানুষের উপর এমন এক যুগ আসবে যখন তারা সুদ খাবে	يَأْتِي عَلَى النَّاسِ زَمَانٌ يَأْكُلُونَ الرِّبَا
হামিদ গতকাল এসেছিল	أَتَى حَامِدٌ أَمْسِ
যে-ই বাদশার দরবারে আসে সে ফিতনায় পতিত হয়	مَنْ أَتَى أَبْوَابَ السُّلْطَانِ افْتُتِنَ
তাহলে তোমাদের গ্রন্থ নিয়ে এস ,যদি তোমরা সত্যবাদী হও	فَأْتُوا بِكِتَابِكُمْ إِن كُنتُمْ صَادِقِينَ

৫। هَاهُوَذَا এর ব্যবহার

বহুবচন	দ্বিবচন	একবচন	
هَاهُم أُلَاءِ তারা সকলে এখানে	هَهُمَاذَانِ তারা দুজন এখানে	هَاهُوَذَا সে এখানে	পুং
هَاهُنَّ أُلَاءِ তারা সকলে এখানে	هَهُمَاتَانِ	هَاهِيَ ذِيْ সে এখানে	স্ত্রী
هَانَحْنُ أُلَاءِ তারা সকলে এখানে		هَأَنَذَا আমি এখানে	পুং
هَانَحْنُ أُلَاءِ তারা সকলে এখানে		هَأَنَذِيْ আমি এখানে	স্ত্রী

অধ্যায়-১০

১। أَخَذَ , جَعَلَ , طَفِقَ এর ব্যবহার

শুরু করা অর্থে أَخَذَ , جَعَلَ , طَفِقَ এর পর ইসম ও খবর আসে, এগুলো incomplete verb. এবং এগুলোতে ক্রিয়ার বর্তমান /ভবিষ্যত রুপ বসে।

বিলাল লিখতে শুরু করল	طَفِقَ بِلَالٌ يَكْتُبُ
বেলাল পাঠটি ব্যাখ্যা করতে শুরু করল	اَخَذَ بِلَالٌ يَشْرَحُ الْدَّرْسَ
আমি খেতে আরম্ভ করলাম	جَعَلْتُ آكُلُ
অতঃপর সে তাদের পা ও গলদেশ ছেদন করতে শুরু করল	فَطَفِقَ مَسْحًا بِالسُّوقِ وَالْأَعْنَاقِ
এবং তারা জান্নাতের বৃক্ষ-পত্র দ্বারা নিজেদেরকে আবৃত করতে শুরু করল	وَطَفِقَا يَخْصِفَانِ عَلَيْهِمَا مِن وَرَقِ الْجَنَّةِ

অধ্যায়-১১

১। নাম প্রধান ও ক্রিয়াপ্রধান বাক্যের শুরু

الْجُمْلَةُ الْاِسْمِيَّةُ নামপ্রধান বাক্য নিম্নোক্ত তিনভাবে শুরু হয়,

ইসম বা হারফ দিয়ে	هُوَ مُدَرِّسٌ	مُحَمَّدٌ طَبِيْبٌ
অসমাপিকা ক্রিয়া দিয়ে	اَنْ تَصُوْمُوْا خَيْرٌ لَّكُمْ	
إِنَّ ও তার বোন لَعَلَّ ،لَكِنَّ ،لَيْتَ প্রভৃতি দিয়ে	إِنَّ اللهَ غَفُوْرٌ رَحِيْمٌ	

الْجُمْلَةُ الْفِعْلِيَّةُ ক্রিয়াপ্রধান বাক্য নিম্নোক্ত দুইভাবে শুরু হয় ,

الْفِعْلُ التَّامُّ পুর্ন ক্রিয়া দিয়ে	طَلَعَتِ الشَّمْسُ
الْفِعْلُ النَّاقِصُ অপূর্ন ক্রিয়া দিয়ে	كَانَ الْجَوُّ بَارِدًا
	لَيْسَ الْبَيْتُ بِجَدِيْدٍ

২। مُبْتَدَأٌ ও خَبَرٌ

মুবতাদা ও খবরের কিছু বৈশিষ্ট্য হলঃ

১। মুবতাদা إِسم বা ضَمِيرٌ বা اَلْمَصْدَرُ الْمُؤَوَّلُ হতে পারে।	
إِسم	اللهُ رَبُّنَا
ضَمِيرٌ	نَحْنُ طُلَّابٌ
اَلْمَصْدَرُ الْمُؤَوَّلُ	وَأَنْ تَعْفُوْ أَقْرَبُ لِلتَّقْوَى
الإِسْمُ الإِسْتِفْهَامُ	كَيْفَ حَالُكَ؟
২। মুবতাদা সাধারণত নির্দিষ্ট কিন্তু তা অনির্দিষ্টও হতে পারে।	
• যদি খবরটা شِبْهُ جُمْلَةٍ হয় এবং তা আগে আসে।	تَحْتَ الْمَكْتَبِ سَاعَةٌ
	فِيْ الْغُرْفَةِ رَجُلٌ
• যদি মুবতাদা الإِسْمُ الإِسْتِفْهَامُ হয়।	مَا بِكَ؟
	مَنْ مَرِيْضٌ؟
	كَمْ طَالِبًا فِيْ الْفَصْلِ؟
• প্রশ্নবোধক أ এর পর	أ اقْرَبٌ فِي الفَصْلِ؟
	أَإِلَهٌ مَّعَ اللَّهِ؟
৩। খবর আগে আসতে পারে নিচের দুটি ক্ষেত্রেঃ	
• যদি তা الإِسْمُ الإِسْتِفْهَامُ হয়,	مَا اسْمُكِ؟ এখানে إِسمٌ মুবতাদা
• যদি شِبْهُ جملة খবর হয়।	اَمَامَ الْبَيْتِ شَجَرَةٌ
৪। মুবতাদা বা খবর উঠে যায়।	مَا إِسْمُكَ؟ এর জবাবে কেবল مُحَمَّدٌ ব্যবহৃত হয়।
৫। মুবতাদা ও খবর স্থান বদল করতে পারে।	أَأَنْتَ مُدَرِّسٌ؟ < أَ مُدَرِّسٌ أَنْتَ؟
	عَجِيْبٌ هَذَا < هَذا عَجِيْبٌ

দ্রষ্টব্যঃ১

তবে এর পর অসমাপিকা ক্রিয়া থাকলে مِنْ কে বাদ দেওয়া যায়।

তোমাকে অবশ্যই তাকে লিখতে হবে।	لَابُدَّ اَنْ تَكْتُبَ لَهُ
তোমাকে অবশ্যই লিখতে হবে কীভাবে কম্পিউটার অপারেট করতে হয়।	لَابُدَّ اَنْ تَتَعَلَّمُوْا تَشْغِيْلَ الحَاسُوْبِ

অধ্যায়-২৪

১। Form IX اِفْعَلَّ

إِسْمُ الْمَفْعُوْل	إِسْمُ الْفَاعِل	الْمَصْدَرُ	أَمْرٌ	الْمُضَارِعُ	الْمَاضِي	অর্থ
–	مُفْعَلٌّ	اِفْعِلاَلٌ	اِفْعَلَّ	يَفْعَلُّ	اِفْعَلَّ	
–	مُخْضَرٌّ	اِخْضِرَارٌ	اِخْضَرَّ	يَخْضَرُّ	اِخْضَرَّ	সবুজ হওয়া
–	مُصْفَرٌّ	اِصْفِرَارٌ	اِصْفَرَّ	يَصْفَرُّ	اِصْفَرَّ	হলুদ হওয়া
–	مُبْيَضٌّ	اِبْيِضَاضٌ	اِبْيَضَّ	يَبْيَضُّ	اِبْيَضَّ	সাদা হওয়া
–	مُسْوَدٌّ	اِسْوِدَادٌ	اِسْوَدَّ	يَسْوَدُّ	اِسْوَدَّ	কালো হওয়া
–	مُغْبَرٌّ	اِغْبِرَارٌ	اِغْبَرَّ	يَغْبَرُّ	اِغْبَرَّ	ধুলাযুক্ত হওয়া
–	مُعْوَجٌّ	اِعْوِجَاجٌ	اِعْوَجَّ	يَعْوَجُّ	اِعْوَجَّ	বাঁকা হওয়া
	مُحْمَرٌّ	اِحْمِرَارٌ	اِحْمَرَّ	يَحْمَرُّ	اِحْمَرَّ	লাল হওয়া

الْمَاضِي অতীত কালের ক্রিয়া			
বহুবচন	দ্বিবচন	একবচন	
إِخْضَرُّوْا	إِخْضَرَّا	إِخْضَرَّ	পুং
اِخْضَرَرْنَ	اِخْضَرَّتَا	اِخْضَرَّتْ	স্ত্রী
اِخْضَرَرْتُمْ	اِخْضَرَرْتُمَا	اِخْضَرَرْتَ	পুং
اِخْضَرَرْتُنَّ	اِخْضَرَرْتُمَا	اِخْضَرَرْتِ	স্ত্রী
اِخْضَرَرْنَا		اِخْضَرَرْتُ	উভয়

الْمُضَارِعُ বর্তমান কালের ক্রিয়া			
বহুবচন	দ্বিবচন	একবচন	
يَخْضَرُّوْنَ	يَخْضَرَّانِ	يَخْضَرُّ	পুং
يَخْضَرِرْنَ	تَخْضَرَّانِ	تَخْضَرُّ	স্ত্রী
تَخْضَرُّوْنَ	تَخْضَرَّانِ	تَخْضَرُّ	পুং
تَخْضَرِرْنَ	تَخْضَرَّانِ	تَخْضَرِّيْنَ	স্ত্রী
نَخْضَرُّ		أَخْضَرُّ	উভয়

২। يَرَى – رَأَى এর ব্যবহার

يَرَى – رَأَى এর দুটি অর্থ

আমি ইব্রাহীমকে দেখেছিলাম।	رَأَيْتُ اِبْرَا هِيْمَ	১) সে দেখেছিল এটা হল رَأَى البَصَرِيَّةُ
তারা তাঁকে দূরবর্তী মনে করে।	اِنَّهُمْ يَرَوْنَهُ بَعِيْدًا	২) সে মনে করেছিল বা সে সন্দেহ করেছিল, সে বিচার করল ইত্যাদি। এই ক্রিয়ার দুটি কর্ম যারা মূলত মুবতাদা ও খবর।
আমি মনে করি তুমি দুর্বল।	اَرَا كَ ضَعِيْفًا	
আমি মনে করি হামিদ একজন আলিম।	اَرَا حَامِدًا عَالِمًا	
যে আমার হতে হাদিস বর্ননা করে এবং সন্দেহ করে যে সেটা মিথ্যা তাহলে সেও মিথ্যাবাদীদের একজন	مَنْ حَدَّثَ عَنِّي حَدِيثًا وَهُوَ يَرَى أَنَّهُ كَذِبٌ فَهُوَ أَحَدُ الْكَاذِبَيْنِ	

৩। عَسَى এর ব্যবহার :

عَسَى দুটি অর্থে ব্যবহৃত হয়।

আশা করা যায় আল্লাহ তাদের উপর ক্ষমাপরায়ণ হবেন।	عَسَى اللّٰهُ اَنْ يَتُوْبَ عَلَيْهِمْ	আশা অর্থে
তোমরা যা পসন্দ কর না এমন হতেই পারে যে, তা তোমাদের পক্ষে কল্যাণকর	وَ عَسَى اَنْ تَكْرَهُوْا شَيْئًا وَ هُوَ خَيْرٌ لَكُمْ	
আশা করি এই বছর বিবাহ করব	عَسَيْتُ أَنْ أَتَزَوَّجَ هٰذَا الْعَامَ	
হয়ত বা আপনার পালনকর্তা আপনাকে মোকামে মাহমুদে পৌঁছাবেন।	عَسَىٰ أَن يَبْعَثَكَ رَبُّكَ مَقَامًا مَّحْمُودًا	
এমনও হতে পারে যে, তোমরা যা পসন্দ কর তা তোমাদের জন্য অকল্যাণকর	وَعَسَىٰ أَن تُحِبُّوا شَيْئًا وَهُوَ شَرٌّ لَّكُمْ	আশংকা অর্থে
পক্ষান্তরে তোমাদের কাছে হয়তো কোন একটা বিষয় পছন্দসই নয়, অথচ তা তোমাদের জন্য কল্যাণকর।	وَعَسَىٰ أَن تَكْرَهُوا شَيْئًا وَهُوَ خَيْرٌ لَّكُمْ	

عَسَى দুর্বল ক্রিয়া বা পূর্ণ ক্রিয়া উভয় হিসাবেই ব্যবহৃত হয়।

দুর্বল ক্রিয়া الفِعْلُ النَّاقِصُ	সরল ক্রিয়া বা পূর্ণ ক্রিয়া اَلْفِعْلُ التَّامُ
عَسَى اللّٰهُ اَنْ يَتُوْبَ عَلَيْهِمْ আশা করা যায় আল্লাহ তাদের উপর ক্ষমাপরায়ণ হবেন।	عَسَى اَنْ يَهْدِيَنِ رَبِّيْ আশা করছি যে আমার রব আমাকে পথ দেখাবেন।

৪। مَا الْمَصْدَرِيَّةُ অসমাপিকা مَا

এর সাধারন গঠন مَا+ مَاضٍ/ الْمُضَارِعُ যেমনঃ دَخَلْتُ بَعْدَ مَا دَخَلَ الْمُدَرِّسُ এই বাক্যটি মূলত دَخَلْتُ بَعْدَ دُخُوْلِ الْمُدَرِّسِ অর্থাৎ مَا دَخَلَ = دُخُوْلٌ ,

سَأُرِيْكَ الْمَجَلَّةَ بَعْدَ مَا يَخْرُجُ الْمُدَرِّسُ	আমি তোমাকে ম্যগাজিনটি দেখাবো শিক্ষকের বের হওয়ার পরে
لَهُمْ عَذَابٌ شَدِيْدٌ بِمَا نَسُوْا يَوْمَ الحِسَابِ	হিসাবের দিন ভুলে যাওয়ার জন্য তাদের জন্য আছে কঠোর আযাব
فَذُوْقُوْا الْعَذَابَ بِمَا كُنْتُمْ تَكْفُرُوْنَ	তাহলে আযাব আস্বাদন কর, যেহেতু তোমরা কুফরী করছিলে

অধ্যায়-২৫

১। Form X إِسْتَفْعَلَ

إِسْمُ الْمَفْعُوْل	إِسْمُ الْفَاعِل	الْمَصْدَر	أَمْر	الْمُضَارِعُ	الْمَاضِي	অর্থ
مُسْتَفْعَلٌ	مُسْتَفْعِلٌ	إِسْتِفْعَالٌ	إِسْتَفْعِلْ	يَسْتَفْعِلُ	إِسْتَفْعَلَ	
مُسْتَعْجَلٌ	مُسْتَعْجِلٌ	إِسْتِعْجَالٌ	إِسْتَعْجِلْ	يَسْتَعْجِلُ	إِسْتَعْجَلَ	তাড়াতাড়ি করা
مُسْتَغْفَرٌ	مُسْتَغْفِرٌ	إِسْتِغْفَارٌ	إِسْتَغْفِرْ	يَسْتَغْفِرُ	إِسْتَغْفَرَ*	ক্ষমা চাওয়া
مُسْتَكْبَرٌ	مُسْتَكْبِرٌ	إِسْتِكْبَارٌ	إِسْتَكْبِرْ	يَسْتَكْبِرُ	إِسْتَكْبَرَ	অহঙ্কার করা
مُسْتَهْزَئٌ	مُسْتَهْزِئٌ	إِسْتِهْزَاءٌ	إِسْتَهْزِئْ	يَسْتَهْزِئُ	إِسْتَهْزَأَ	উপহাস করা
مُسْتَجَابٌ	مُسْتَجِيبٌ	إِسْتِجَابَةٌ	إِسْتَجِبْ	يَسْتَجِيبُ	إِسْتَجَابَ	গ্রহন করা
مُسْتَطَاعٌ	مُسْتَطِيعٌ	إِسْتِطَاعَةٌ	إِسْتَطِعْ	يَسْتَطِيعُ	إِسْتَطَاعَ	সক্ষম হওয়া
مُسْتَقَامٌ	مُسْتَقِيمٌ	إِسْتِقَامَةٌ	إِسْتَقِمْ	يَسْتَقِيمُ	إِسْتَقَامَ	সোজা হওয়া
مُسْتَعَانٌ	مُسْتَعِينٌ	إِسْتِعَانَةٌ	إِسْتَعِنْ	يَسْتَعِينُ	إِسْتَعَانَ	সাহায্য চাওয়া
مُسْتَسْلَمٌ	مُسْتَسْلِمٌ	إِسْتِسْلاَمٌ	إِسْتَسْلِمْ	يَسْتَسْلِمُ	إِسْتَسْلَمَ	আনুগত্য করা
مُسْتَعْمَلٌ	مُسْتَعْمِلٌ	إِسْتِعْمَالٌ	إِسْتَعْمِلْ	يَسْتَعْمِلُ	إِسْتَعْمَلَ	ব্যবহার করা
مُسْتَفْهَمٌ	مُسْتَفْهِمٌ	إِسْتِفْهَامٌ	إِسْتَفْهِمْ	يَسْتَفْهِمُ	إِسْتَفْهَمَ	জিজ্ঞাসা করা

الْمَاضِي অতীত কালের ক্রিয়া			
বহুবচন	দ্বিবচন	একবচন	
اِسْتَسْلَمُوْا	اِسْتَسْلَمَا	اِسْتَسْلَمَ	পুং
اِسْتَسْلَمْنَ	اِسْتَسْلَمَتَا	اِسْتَسْلَمَتْ	স্ত্রী
اِسْتَسْلَمْتُمْ	اِسْتَسْلَمْتُمَا	اِسْتَسْلَمْتَ	পুং
اِسْتَسْلَمْتُنَّ	اِسْتَسْلَمْتُما	اِسْتَسْلَمْتِ	স্ত্রী
اِسْتَسْلَمْنَا		اِسْتَسْلَمْتُ	উভয়

الْمُضَارِعُ বর্তমান কালের ক্রিয়া			
বহুবচন	দ্বিবচন	একবচন	
يَسْتَسْلِمُوْنَ	يَسْتَسْلِمَانِ	يَسْتَسْلِمُ	পুং
يَسْتَسْلِمْنَ	تَسْتَسْلِمَانِ	تَسْتَسْلِمُ	স্ত্রী
تَسْتَسْلِمُوْنَ	تَسْتَسْلِمَانِ	تَسْتَسْلِمُ	পুং
تَسْتَسْلِمْنَ	تَسْتَسْلِمَانِ	تَسْتَسْلِمِيْنَ	স্ত্রী
نَسْتَسْلِمُ		أَسْتَسْلِمُ	উভয়

২। শব্দের ব্যবহার

لِكَيْ একটি অসমাপিকা অব্যয়। لِكَيْ শব্দের অর্থ“ যেহেতু“ / ”সে কারনে”। এরপরের ক্রিয়া মানসুব হয়। لِكَيْ এর সাথে না বোধক لَا যোগ হতে পারে এবং মাঝে মাঝে لِكَيْ এর لِ উঠে যায়। যেমনঃ

আমি আরবী ভাষা পাঠ করি যাতে সম্মানিত কুরআন বুঝতে পারি	اَدْرُسُ اَللُّغَةَ العَرَبِيَّةَ لِكَيْ اَفْهَمَ القُرْآنَ الكَرِيْمَ
পরিশ্রম কর যাতে তুমি ফেল না কর	اِجْتَهِدْ لِكَيْلَا تَرْسُبَ
যাতে সে জানার পর জ্ঞাত বিষয় সম্পর্কে সজ্ঞান থাকে না।	لِكَيْلَا يَعْلَمَ مِن بَعْدِ عِلْمٍ شَيْئًا
যাতে আমরা আপনার বেশি প্রশংসা করতে পারি।	كَيْ نُسَبِّحَكَ كَثِيْرًا

৩। إِذَنْ শব্দের ব্যবহার

اِذَنْ শব্দের অর্থ“ সে কারনে”। এটা মুদারির পূর্বে বসে তাকে মানসুব করে। একটা বিবৃতির জবাব হিসাবে আসে। যেমনঃ

জবাব	বিবৃতি
اِذَنْ نَسْتَقْبِلَهُ فِي الْمَطَارِ	يَرْجِعُ الْمُدِيْرُ اليَوْمَ مِنَ الخَارِجِ
সে কারনে আমরা তাকে বিমান বন্দরে স্বাগত জানাব	প্রধান শিক্ষক আজ বাহির থেকে ফিরবেন

اِذَنْ ক্রিয়াকে মানসুব করে নিচের তিনটি ক্ষেত্রেঃ

- اِذَنْ অবশ্যই বাক্যের শুরুতে আসবে। যেমন نَحْنُ اِذَنْ نَسْتَقْبِلُهُ তে ক্রিয়া মানসুব হয়নি যেহেতু তা শুরুতে আসেনি।
- ক্রিয়াপদ ঠিক তার পরপরই আসতে হবে। অবশ্য না বোধক لَا এবং وَ আল কসম এ দুয়ের মধ্যে আসতে পারে। যেমন اِذَنْ واللهِ نَسْتَقْبِلَهُ فِي المطَارِ
- ক্রিয়াটি ভবিষ্যৎ কালের অর্থ প্রকাশ করবে।

৪। وَ আল হালের পর قَدْ এর ব্যবহার

ইমাম ফাতিহা শেষ করার পর আমি মাসজিদে প্রবেশ করেছিলাম	دَخَلْتُ الْمَسْجِدَ وَ قَدْ قَرَأَ الْإِمَامُ الفَاتِحَةَ
শিক্ষকটি পাঠ ব্যাখা শেষ করার পর আমরা ক্লাস ত্যাগ করেছিলাম	خَرَجْنَا مِنَ الفَصْلِ وَ قَدْ شَرَحَ الْمُدَرِّسُ الدَّرْسَ
রোগী মরার পরে ডাক্তার আসল	جَاءَ الطَّبِيْبُ وَ قَدْ مَاتَ الْمَرِيْضُ
তিনি বললেন হে পালনকর্তা! কেমন করে আমার পুত্র সন্তান হবে, আমার যে বার্ধক্য এসে গেছে	قَالَ رَبِّ أَنَّىٰ يَكُونُ لِي غُلَامٌ وَقَدْ بَلَغَنِيَ الْكِبَرُ
ওরা এর প্রতি বিশ্বাস করবে না। পূর্ববর্তীদের এমন রীতি চলে আসছে।	لَا يُؤْمِنُونَ بِهِ ۖ وَقَدْ خَلَتْ سُنَّةُ الْأَوَّلِينَ

লক্ষ্যণীয়ঃ

- وَ আল হাল এর পর ক্রিয়াপ্রধান বাক্যের হ্যাঁসূচক অতীতকালের পূর্বে قَدْ বসে।

৫। جَعَلَ এর বিভিন্ন ব্যাবহার

ক- কোন কিছু তৈরী

সকল প্রশংসা তার যিনি আসমান ও জমিন সৃষ্টি করেছেন এবং তৈরী করেছেন অন্ধকার ও আলো	اَلْحَمْدُ لِلَّهِ الَّذِيْ خَلَقَ الْسَّمَوَاتِ وَ الْاَرْضَ وَ جَعَلَ الظُّلُمَاتِ وَ النُّوْرَ
আখিরাত যার উদ্দেশ্য হবে আল্লাহ তার অন্তরকে ধনী করে দিয়েছেন	مَنْ كَانَتِ الآخِرَةُ هَمَّهُ جَعَلَ اللَّهُ غِنَاهُ فِي قَلْبِهِ

খ- কোনকিছু হতে কোনকিছুতে পরিণত করা

শিঘ্রই আমি এই রুমটাকে দোকান বানাবো	سَأَجْعَلُ هَذِهِ الْغُرْفَةَ دُكَّانًا
আল্লাহ মদকে হারাম করেছেন	جَعَلَ اللهُ الْخَمْرَ حَرَامًا
এবং তিনি চাঁদকে নুর ও সূর্যকে সিরাজ বানিয়েছেন	و جَعَلَ الْقَمَرَ نُوْرًا وَ جَعَلَ الشَّمْسَ سِرَاجًا

গ- শুরু হওয়া অর্থে। এক্ষেত্রে এটা كَانَ এর মত ব্যবহৃত হয় এবং এর ইসম ও খবর থাকে।

হামিদ আমাকে পেটাতে শুরু করে	جَعَلَ حَامِدٌ يَضْرِبُنِيْ

ঘ- চিন্তা করা অর্থে এক্ষেত্রেও দুটি কর্ম থাকে।

তুমি কি আমাকে হেডমাস্টার ভেবেছো?	اَجَعَلْتَنِيْ مُدِيْرًا

অধ্যায়-২৬

১। الْفِعْلُ الرُّبَاعِيُّ (চার অক্ষর বিশিষ্ট ক্রিয়ামূল)

ছুলাছি ক্রিয়ার মত এদেরও মুজাররাদ ও মাজীদ ক্রিয়া আছে। মুদারী মুজাররাদের একটি মাত্র গঠন হয়।

রুবাই ক্রিয়ার বিভিন্ন গঠনঃ

اسمُ الفَاعِل	المصدر	الْمُضَارِع	الْمَاضِي		
مُتَرْجِمٌ	تَرْجَمَةٌ	يُتَرْجِمُ	تَرْجَمَ	সে অনুবাদ করল	فَعْلَلَ
مبَعْثِرٌ	بَعْثَرَةٌ	يُبَعْثِرُ	بَعْثَرَ	সে ছড়িয়ে দিল	
مُهَرْوِلٌ	هَرْوَلَةٌ	يُهَرْوِلُ	هَرْوَلَ	সে দ্রুত হাটল	
مُوَسْوِسٌ	وَسْوَسَةٌ	يُوَسْوِسُ	وَسْوَسَ	কুমন্ত্রনা দেওয়া	
مُبَسْمِلٌ	بَسْمَلَةٌ	يُبَسْمِلُ	بَسْمَلَ	সে বিসমিল্লাহ বললো	
مُتَرَعْرِعٌ	تَرَعْرُعٌ	يُتَرَعْرَعُ	تَرَعْرَعَ	সে বেড়ে উঠল	تَفَعْلَلَ
مُتَمَضْمِضٌ	تَمَضْمُضٌ	يَتَمَضْمَضُ	تَمَضْمَضَ	সে কুলি করল	
مُطْمَئِنٌ	إِطْمِئْنَانٌ	يَطْمَئِنُّ	إِطْمَأَنَّ	সে তৃপ্ত হল	إِفْعَلَلَّ
مُشْمَئِزٌّ	إِشْمِرَارٌ	يَشْمَئِزُّ	إِشْمَأَرَّ	ঘৃনা করা	
	إِفْرِنْقَاعٌ	يَفْرَنْقِعُ	اِفْرَنْقَعَ	ছড়িয়ে পড়া	إِفْعَنْلَلَ

২। ضَمِيْرُ الفَصْلِ পৃথকীকরণ সর্বনাম

আমরা যদি বলি“ এই সেই লোক” তাহলে আরবিতে তা হবে هَذَا هُوَ الرَّجُلُ

এরাই সেই অপরাধীরা	هَؤُلَاءِ هُمُ الْمُجْرِمُوْنَ
এই সেই গাড়িটি	هَذِهِ هِيَ السَّيَّارَةُ
খেলোয়াড়টি হল হামিদ	حَامِدٌ هُوَ الّاعِبُ
এবং তারাই যারা সফলকাম	و أولَئِكَ هُمُ المفْلِحُوْنَ
ওটাই হল বিরাট সফলতা	ذَلِكَ هُوَ الْفوزُ العَظِيْمِ
তিনিই প্রথমবার অস্তিত্ব দান করেন এবং পুনরায় জীবিত করেন	إِنَّهُ هُوَ يُبْدِئُ وَيُعِيدُ
কে প্রকাশ্য পথ-ভ্রষ্টতায় আছে।	مَنْ هُوَ فِي ضَلَالٍ مُّبِينٍ
তারাই কাফের পাপিষ্ঠের দল	أُولَئِكَ هُمُ الْكَفَرَةُ الْفَجَرَةُ
তারাই সত্যনিষ্ঠ	أُولَئِكَ هُمُ الصَّادِقُونَ

কিছু ব্যাতিক্রমও আছে। যেমনঃ

সেই কিতাব যাতে কোন সন্দেহ নাই	ذَلِكَ الْكِتَابُ لا رَيْبَ فِيْهِ
ওটা বিরাট সফলতা	ذلك الفوز العظيم

৩। আংশিক কিছু করা

যদি একটা কিছু পুরোপুরি না করতে বলা হয় তাহলে مِنْ দিয়ে অংশ বোঝানো হয়। যেমনঃ

– كُلْ هَذَا এটা) পুরোটা (খাও কিন্তু كُلْ مِنْ هَذَا এটা থেকে (আংশিক) খাও

তুমি সবচেয়ে ভাল ছাত্রদের একজন	اَنْتَ مِنْ احْسَنِ الْطُّلَّابِ
এবং যা আমি তাদের রিজিক দিয়েছি তা থেকে ব্যয় করে	وَ مِمَّا رَزَقْنَا هُمْ يُنْفِقُوْنَ
এবং মানুষের মধ্যে কিছু যারা বলে আমরা আল্লাহর উপর ঈমান এনেছি	و مِنَ النَّاسِ مَنْ يَقُوْلُ امَنّا بَاللهِ

৪। প্রশ্নবোধক أ এর পূর্বে সংযোজন و বসে না

সঠিক	ভুল
أَ وَ جَاءَ المدِيرُ؟	وَ أَ جَاءَ الْمُدِيْرُ؟

তবে و এর পরে هَلْ বসে। যেমনঃ وَ هَلْ جَاءَ الْمُدِيْرُ؟

৫। প্রশ্নবোধক أ এর পরে اَلْ

প্রশ্নবোধক أ এর পরে اَلْ থাকলে آ হয়।

শিক্ষকটি কি তোমাকে বলেছিল ?	آلْمُدَرِّسُ قَالَ لَكَ ؟
আজকি তাকে দেখেছিলে ?	آلْيَوْمَ رَاَيْتَهُ ؟
ছাত্রটি কি ভারত থেকে ?	آلطَّالِبُ مِنَ الْهِنْدِ؟

৬। অনেক আয়াত اِذْ দিয়ে শুরু হয়

সেক্ষেত্রে তা اُذْكُرُوْا এর মাফুলুন বিহি যা উহ্য থাকে। এক্ষেত্রে اِذْ অর্থ "স্মরন করা যখন"

এবং স্মরন কর যখন ইব্রাহিম বলল	وَ اِذْ قَالَ اِبْرٰهِيمُ
স্মরণ কর, যখন মরিয়ম-তনয় ঈসা (আঃ) বললঃ হে বনী ইসরাইল! আমি তোমাদের কাছে আল্লাহর প্রেরিত রসূল	وَإِذْ قَالَ عِيسَى ابْنُ مَرْيَمَ يَا بَنِي إِسْرَائِيلَ إِنِّي رَسُولُ اللَّهِ
স্মরণ কর, যখন মূসা (আঃ) তাঁর সম্প্রদায়কে বললঃ হে আমার সম্প্রদায়, তোমরা কেন আমাকে কষ্ট দাও	وَإِذْ قَالَ مُوسَىٰ لِقَوْمِهِ يَا قَوْمِ لِمَ تُؤْذُونَنِي

৭। مَا الْمَصْدَرِيَّةُ الظَّرْفِيَّةُ

কিছু কিছু ক্ষেত্রে مَا বলতে "যতক্ষন পর্যন্ত) so long as(" বোঝায়। যেমনঃ

ইসলাম ততোদিন বাকী থাকবে যতক্ষন পর্যন্ত পৃথিবী বাকী থাকবে	سَيَبْقَى الْإِسْلَامُ مَا بَقِيَ العَالَمُ
আমাকে মান্য কর যতক্ষন পর্যন্ত আমি আল্লাহ ও তার রসুলকে অনুসরন করি।	أَطِيْعُوْنِي مَا أَطَعْتُ اللهَ وَ رَسُوْلَهُ
এই চেয়ারটিতে বস যতক্ষন পর্যন্ত এর সাথী না আসে	إِجْلِسْ فِي هٰذَا الكُرْسِيِّ مَا لَمْ يَأْتِ صَاحِبُهُ

অধ্যায়-২৭

১। মুক্ত সর্বনামগুলোর মানসুব অবস্থা

সাধারনত মুক্ত সর্বনামগুলো মারফু অবস্থায় থাকে। কিন্তু নিম্নোক্ত ক্ষেত্রগুলোতে এগুলো মানসুব হয়।

১) যদি ক্রিয়ার পূর্বে মাফুলুন বিহি হিসেবে বসে। যেমনঃ

نَعْبُدُكَ থেকে اِيَّاكَ نَعْبُدُ আমরা শুধু তোমারই ইবাদত করি। [আমরা كَ نَعْبُدُ বলতে পারি না, কারন كَ হচ্ছে সংযুক্ত]

২) যখন মাসদার ফায়িল এবং সর্বনামটি তার কর্ম হয়। যেমনঃ

প্রধান শিক্ষকের পরিদর্শন আমাদের জন্য অপেক্ষা করছে অর্থাৎ আমরা আমাদের প্রধান শিক্ষকের পরিদর্শনের অপেক্ষা করছি।	تَنْتَظِرُ زِيَارَةَ المدِيْرِ اِيَّانَا
আমাদের জন্য আজ প্রধান শিক্ষকের পরিদর্শন অর্থাৎ প্রধান শিক্ষকের পরিদর্শন আমাদের জন্য আজ	زِيَارَةُ الْمُدِيْرِ إِيَّنَا اليَوْمَ

৩) যদি তা একটি সংযোগকারী অব্যয় এবং اِلَّا এরপরে আসে। যেমনঃ

وَهُ হবে না	رَاَيْتُكَ وَ إِيَّاهُ
وَ اَنْتَ হবে না	اِنِّي وَ إِيَّاكَ نَاجِحَانِ
তুমি তাকে ছাড়া কারও ইবাদাত করো না	لَا تَعْبُدُ اِلَّا اِيَّاهُ
কেবল তোমাকেই প্রশ্ন করেছিলাম	سَاَلْتُ اِلَّا اِيَّاكَ

৪) যদি তা সংযুক্ত সর্বনামের পরে আসে যা মানসুব হিসাবে আছে।

হেডমাষ্টারের ম্যাগাজিনটি কোথায় ?	اَيْنَ مَجَلَّةُ المدِيْرِ؟
সেটাতো তোমাকে দিয়েছিলাম	اَعْطَيْتُكَ وَ اِيَّاهُ / اَعْطَيْتُكَهُ
সেটাতো তাকে দিয়েছিলাম	اَعْطَيْتُهُ اِيَّاهَا

৫) كَانَ এর খবর সর্বনাম হলে তা যুক্ত বা মুক্ত উভয় অবস্থায় আসতে পারে। যেমন

أَتُرِيْدُ اَنْ تَكُوْنَ قَاضِيًا؟	لاَ، مَا أُرِيْدُ اَنْ اَكُوْنَهُ / اَكُوْنَ اِيَّاهُ
তুমি কি চাও যে তুমি বিচারক হবে?	না আমি তা হতে চাই না

অধ্যায়-২৮

১। اَلْمَفْعُلُ الْمُطْلَقُ (পরম কর্ম)

বাক্যে ব্যবহৃত মাসদারটি যদি ঐ বাক্যেই ব্যবহৃত কোন ক্রিয়াপদ থেকে উদ্ভুত হয় তবে তাকে اَلْمَفْعُلُ الْمُطْلَقُ বলে। মাফুলুন মুতলাক মানসুব হয়। যেমনঃ যেমনঃ يَعْمَلُ عَمَلاً

বিলাল আমাকে একমারা মারছে।	ضَرَبَنِي بِلَالٌ ضَرْبًا
নিশ্চয়ই আমি নিজের উপর জুলুম করেছি অনেক জুলুম	إِنِّي ظَلَمْتُ نَفْسِي ظُلْمًا كَثِيْرًا
আল্লাহর স্মরণ কর অধিক হারে	اذْكُرُوا اللَّهَ ذِكْرًا كَثِيرًا
আল্লাহ তোমাকে পরিপুর্ন সুস্থতা দিক	شَفَاكَ اللّٰهُ شِفَاءً كَامِلًا
আমি আশ্চর্য উপায়ে পানি বর্ষণ করেছি,	أَنَّا صَبَبْنَا الْمَاءَ صَبًّا
যে ব্যক্তি এমন কোন কাজ করবে যার প্রতি আমাদের নির্দেশ নেই তা প্রত্যাখ্যাত	مَنْ عَمِلَ عَمَلاً لَيْسَ عَلَيْهِ أَمْرُنَا فَهُوَ رَدٌّ
অতএব, যে ব্যক্তি তার পালনকর্তার সাক্ষাত কামনা করে, সে যেন, সৎকর্ম সম্পাদন করে	فَمَن كَانَ يَرْجُو لِقَاءَ رَبِّهِ فَلْيَعْمَلْ عَمَلاً صَالِحًا
নিশ্চয় আমি আপনার জন্যে এমন একটা ফয়সালা করে দিয়েছি, যা সুস্পষ্ট।	إِنَّا فَتَحْنَا لَكَ فَتْحًا مُّبِينًا
আল্লাহ তা'আলা তোমাদেরকে মৃত্তিকা থেকে উদগত করেছেন।	وَاللَّهُ أَنبَتَكُم مِّنَ الْأَرْضِ نَبَاتًا
অথবা তদপেক্ষা বেশী এবং কোরআন আবৃত্তি করুন সুবিন্যস্ত ভাবে ও স্পষ্টভাবে।	أَوْ زِدْ عَلَيْهِ وَرَتِّلِ الْقُرْآنَ تَرْتِيلاً
যে কোন (প্রানীর) প্রতিকৃতি আকবে তাহলে অবশ্যই আল্লাহ তাকে শাস্তি দেবেন	مَنْ صَوَّرَ صُورَةً فَإِنَّ اللَّهَ مُعَذِّبُهُ
নিশ্চয়ই দ্বীন শুরু হয়েছিল অপরিচিতের ন্যায় আবার অপরিচিত হয়ে যাবে	إِنَّ الدِّينَ بَدَأَ غَرِيبًا وَيَرْجِعُ غَرِيبًا

মাফুলুন মুতলাক সাধারনত নিচের চারটি ক্ষেত্রে ব্যবহৃত হয়।

১) জোর দেয়ার জন্য

আল্লাহ মুসার সাথে কথা বলেছেন সরাসরি	وَ كَلَّمَ اللهُ مُوْسَى تَكْلِيْمًا
বিলাল আমাকে একমারা মারছে।	ضَرَبَنِي بِلَالٌ ضَرْبًا

২) সংখ্যাকে নির্দিষ্ট করার জন্য –

বইটা প্রিন্ট করা হয়েছে দুইবার	طُبِعَ الكِتَابُ طَبْعَتَيْنِ
আমি ভুলে গিয়েছিলাম এবং একটা সিজদাহ দিয়েছিলাম	نَسِيْتُ وَ سَجَدْتُ سَجْدَةً وَحِدَةً

৩) ক্রিয়ার রূপকে সুনির্দিষ্ট করা –

সে মরলো শহিদি মরা	مَاتَ مَوْتَ الشُهَدَاءِ
লেখ) পরিস্কার (লেখা	أُكْتُبْ كِتَابَةً وَاضِحَةً

৪) ক্রিয়ার বদল হিসাবে –

যেমনঃ صَبْرًا মূলত اِصْبِرْ আবার شُكْرًا মূলত اَشْكُرُ

নিম্নের কিছু মাসদারকে ব্যকরনের দিক থেকে اَلْمَفْعُوْلُ الْمُطْلَقُ হিসেবে ধরা হয়। যেমনঃ

ক- اَيَّ ، بَعْضَ ، كُلَّ (ইত্যাদি যখন মাসদারের মুদাফ হয় –

আমি তাকে পুরোপুরিভাবে চিনি	اَعْرِفُهُ كُلَّ مَعْرِفَةٍ
শিক্ষক আমাকে অল্পকিছু শাস্তি দিয়েছিলেন	اَخَذَنِي الْمُدِيْرُ بَعْضَ الْمُؤَاخَذَةِ
তুমি কী ঘুম ঘুমালে?	اَيَّ نَوْمٍ تَنَامُ؟

খ- তামিজ হিসাবে মাসদারের সাথে আগত নাম্বার

বইটি তিনবার মুদ্রিত হয়েছিল	طُبِعَ الكِتَابُ ثَلَاثَ طَبْعَاتٍ
তাদেরকে আশিটি চাবুক মার	فَجْلِدُوْهُمْ ثَمَانِيْنَ جَلْدَةً

গ-মাসদারের নাত যেখানে মাসদারকেই তুলে দেয়া হয়েছে

فَهِمْتُ الدَّرْسَ فَهْمًا جَيِّدًا থেকে মাসদার فَهْمًا তুলে দিয়ে فَهِمْتُ الدَّرْسَ جَيِّدًا করা হয়েছে।

ঘ- اِسْمُ الْمَصْدَرِ (এমন শব্দ যা মাসদারের অর্থ বহন করে কিন্তু অক্ষর কিছু কমে যায়।

كَلَّمَنِي كَلَامًا شَدِيْدًا	সে আমার সাথে রূঢ় কথা বলেছিল

اَلْمَصْدَرُ	اِسْمُ الْمَصْدَرُ
تَكْلِيْمٌ	كَلَامٌ
تَقْبِيْلٌ	قُبْلَةٌ

ঙ- মাজিদ ক্রিয়ার মুজাররিদ মাসদার।

اِشْتَرَيْتُ هٰذِهِ السَّيَّارَةَ شِرَاءً مُبَاشِرًا আমি এই গাড়িটি সরাসরি কিনেছি	এখানে شِرَاءً হচ্ছে شَرَى এর মাসদার কিন্তু ব্যবহৃত ক্রিয়া اِشْتَرَيْتُ এর মাসদার اِشْتِرَاءٌ
وَ تُحِبُّوْنَ الْمَالَ حُبًّا جَمًّا এবং তোমরা ধন সম্পদকে প্রানভরে ভালোবাসো	এখানে حُبًّا হল اَحَبَّ এর মাসদার কিন্তু ক্রিয়া হল اَحَبَّ যার মাসদার اِحْبَابٌ

চ- ভিন্নবাবের মাসদার

تَبَسَّمْتُ اِبْتِسَامًا আমি এক হাসি হাসলাম	এখানে اِبْتِسَامًا হল اِبْتَسَمَ এর মাসদার।
وَ تَبَتَّلْ اِلَيْهِ تَبْتِيْلًا এবং তার দিকে রুজু হও পূর্ণ রুজুতে	এখানে تَبْتِيْلًا হল بَتَّلَ এর মাসদার।

ছ- ইসমূল ইশারা যখন মাসদারের মুবদাল হয়

اَ تَسْتَقْبِلُنِي هٰذَا الاِسْتِقْبَالَ؟ তুমি কি আমাকে এরকম অভ্যর্থনা জানালে?	এখানে هٰذَا হচ্ছে মাফ্‌লুন মুতলাক।

জ- এমন সর্বনাম যা মাসদারকে নির্দেশ করে

এখানে هُ দ্বারা اِجْتِهَادًا কে নির্দেশ করা হয়েছে।	اِجْتَهَدْتُ اِجْتِهَادًا لَمْ يَجْتَهِدْهُ غَيْرِي আমি গবেষনা করেছিলাম এমন গবেষণা যে আমি ভিন্ন কেউ তার এমন গবেষনা করেনি

ঝ-মাসদারের প্রতিশব্দ

এখানে حَيَاةً হচ্ছে عِيْشَةً এর প্রতিশব্দ যার ক্রিয়া হল عَاشَ	عِشْتُ حَيَّاةً سَعِيْدَةً বেঁচেছিলাম রাজকীয় বাঁচায়

২। মাসদারের শ্রেণীবিভাগ

ক - اَلْمَصْدَرُ الْمَرَّةُ (এটা দ্বারা ক্রিয়া কতবার সংগঠিত হয়েছে তা প্রকাশ পায়।

আমি তাকে একবার পিটিয়েছিলাম আর সে আমাকে দুইবার পিটিয়েছে	ضَرَبْتُهُ ضَرْبَةً وَ ضَرَبَنِي ضَرْبَتَيْنِ
এই বইটি কয়েকবার প্রিন্ট হয়েছে	طُبِعَ هٰذَا الكِتَابُ طَبْعَاتٍ

মাজিদ ক্রিয়ার (দেখুন অধ্যায় ২১) মাসদারগুলোতে শেষে ة যোগ করা হয়। যেমনঃ تَكْبِيرٌ থেকে تَكْبِيْرَةٌ

আমরা চারটি তাকবির দিয়েছিলাম মৃতের জন্য সালাতে	نُكَبِّرُ اَرْبَعَ تَكْبِيْرَاتٍ فِي الصَلَاةِ عَلَى الْمَيِّتِ

খ – اَلْمَصْدَرُ الهَيْئَةُ (এটা আদব সংশ্লিষ্ট। যেমনঃ বসার আদব جِلْسَةٌ – হাঁটার আদব مِشْيَةٌ

মহিলাদের মত হেঁট না।	لَا تَمْشِ مِشْيَةَ النِسَاءِ

গ – المَصْدَرُ الْمِيْمِي এটার গঠন হলঃ مَفْعِلٌ বা مَفْعَلَةٌ যেমনঃ مَغْفِرَةٌ , مَعْرِفَةٌ , مَمَاتٌ

মাজিদ ক্রিয়ায় এটি ইসমুল মাফুলের মত। যেমনঃ مُمَزَّقٌ , مُخْرَجٌ

এবং আমি তাদেরকে কাহিনি করেছিলাম এবং বিক্ষিপ্ত করেছিলাম পরিপুর্নরূপে	فَجَعَلْنَاهُمْ اَحَادِيْثَ وَ مَزَّقْنَاهُمْ كُلَّ مُمَزَّقٍ

অধ্যায়-২৯

১। اَلْمَفْعُوْلُ لَهُ ক্রিয়া সংঘটিত হওয়ার কারণ

এটা হল এমন একটা মাসদার যা কোন ক্রিয়া সংঘটিত হওয়ার কারণ বর্ণনা করে।

আমি বৃষ্টির ভয়ে বের হই নি	لَمْ اَخْرُجْ خوفًا مِنَ الْمَطَرِ
আমি উপস্থিত হয়েছি গ্রামারকে ভালবেসে	حَضَرْتُ حُبًّا لِلنَّحْوِ
তোমরা কি ধারণা কর যে, আমি তোমাদেরকে অনর্থক সৃষ্টি করেছি?	أَفَحَسِبْتُمْ أَنَّمَا خَلَقْنَاكُمْ عَبَثًا
আকাশ পৃথিবী এতদুভয়ের মধ্যে যা আছে, তা আমি ক্রীড়াচ্ছলে সৃষ্টি করিনি।	وَمَا خَلَقْنَا السَّمَاءَ وَالْأَرْضَ وَمَا بَيْنَهُمَا لَاعِبِينَ
সে ব্যক্তির মত যে নিজের ধন-সম্পদ লোক দেখানোর উদ্দেশ্যে ব্যয় করে	كَالَّذِي يُنفِقُ مَالَهُ رِئَاءَ النَّاسِ
দারিদ্রের ভয়ে তোমাদের সন্তানদেরকে হত্যা করো না।	وَلَا تَقْتُلُوا أَوْلَادَكُمْ خَشْيَةَ إِمْلَاقٍ
আর মানুষের মাঝে এক শ্রেণীর লোক রয়েছে যারা আল্লাহর সন্তুষ্টিকল্পে নিজেদের জানের বাজি রাখে।	وَمِنَ النَّاسِ مَن يَشْرِي نَفْسَهُ ابْتِغَاءَ مَرْضَاتِ اللَّهِ

এই মাসদারটি মূলত মানসিক অবস্থা প্রকাশ করে। এটা মানসুব। এটা মুদফও হতে পারে। যেমনঃ

এবং দারিদ্রতার ভয়ে তোমরা তোমাদের সন্তানদের হত্যা কর না	وَلاَ تَقْتُلُوْا اَوْلاَدَكُمْ خَشْيَةَ اِمْلاَقٍ
মৃত্যুর ভয়ে গর্জনের সময় কানে আঙ্গুল দিয়ে রক্ষা পেতে চায়।	يَجْعَلُونَ أَصَابِعَهُمْ فِي آذَانِهِم مِّنَ الصَّوَاعِقِ حَذَرَ الْمَوْتِ

Contents

২। هَلاَّ এর ব্যবহার

এটা ক্রিয়াপ্রধান বাক্যে ব্যবহৃত হয়। এটা মুদরীতে কোন কাজের উৎসাহ দিতে আর মাদীতে কাজ না করার জন্য ভর্ৎসনা দিতে বসে বা অনুমোদন না দিতে বসে।

তুমি কি তার ব্যাপারে হেডমাস্টারের কাছে অভিযোগ করবে না! (অর্থাৎ অভিযোগ করা উচিত)	هَلاَّ تَشْكُوْهُ اِلَى الْمُدِيْرِ
তোমার কি তার ব্যাপারে হেডমাস্টারের কাছে অভিযোগ করা উচিত ছিল না! (অর্থাৎ অভিযোগ করনি কেন)	هَلاَّ شَكَوْتَهُ اِلَى الْمُدِيْرِ

৩। بِئْسَ ও نِعْمَ এর ব্যবহার

প্রশংসার জন্য نِعْمَ এবং দোষারোপের জন্য بِئْسَ ব্যবহৃত হয়। এরা لَيْسَ এর মত অর্থাৎ এদের বর্তমান কাল নাই। এদের কেবল তৃতীয় পুরুষ হয়।

بِئْسَ	نِعْمَ	পুরুষ
بِئْسَتْ	نِعْمَتْ	স্ত্রী

কুরআনীয় উদাহরনঃ

আমি দাউদকে সোলায়মান দান করেছি। সে একজন উত্তম বান্দা।	وَوَهَبْنَا لِدَاوُودَ سُلَيْمَانَ ۚ نِعْمَ الْعَبْدُ
এবং কতই না চমৎকার সাহায্যকারী।	نِعْمَ الْمَوْلَى وَنِعْمَ النَّصِيرُ
যারা কাজ করে তাদের জন্য কতইনা চমৎকার প্রতিদান।	وَنِعْمَ أَجْرُ الْعَامِلِينَ
কত নিকৃষ্ট পানীয় এবং খুবই মন্দ আশ্রয়।	بِئْسَ الشَّرَابُ وَسَاءَتْ مُرْتَفَقًا
কত মন্দ এই বন্ধু এবং কত মন্দ এই সঙ্গী।	لَبِئْسَ الْمَوْلَى وَلَبِئْسَ الْعَشِيرُ

৪। لاَ الْعَاطِفَةُ সংযোজক لاَ

জ্ঞানের প্রতি ভালবাসার জন্য পরীক্ষা ভয়ের জন্য নয়	رَغْبَةً فِى الْعِلْمِ، لاَ رَهْبَةً مِنَ الْاِمْتِحَانِ
বেলাল বের হয়েছে হামিদ নয়	خَرَجَ بِلاَلٌ، لاَ حَامِدٌ
প্রধান শিক্ষককে জিজ্ঞেস কর শিক্ষককে নয়	اِسْاَلِ الْمُدِيْرَ،لاَ الْمُدَرِّسَ
আপেলটি খাও কলাটা নয়	كُلِ التُّفَّاحَ، لاَ الْمَوْزَ

অধ্যায়-৩০

১। اَلتَّمْيِيْزُ নির্দিষ্টকরন

تَمْيِيْزٌ হল مَيَّزَ ক্রিয়ার মাসদার। অর্থ নির্দিষ্টকরন (specification) । ত্বমিজ হল এমন اِسْمٌ যা পূর্বে ব্যবহৃত শব্দ বা বাক্যের নির্দেশিত অর্থ প্রকাশে সহায়ক হয়। যেমনঃ شَرِبْتُ لِتْرًا حَلِيْبًا আমি এক লিটার দুধ পান করেছি। এখানে কেবল شَرِبْتُ لِتْرًا বললে প্রশ্ন থেকে যায় কী এক লিটার পান করেছে ?ইসমটি তার উত্তর দেয়। অনুরুপভাবে, اِبْرَاهِيْمُ اَحْسَنُ مِنِّيْ خَطًّا ইব্রাহিম আমার চেয়ে হাতের লেখায় ভাল। ত্বমিজ মানসুব। তবে তার পূর্বে হারফ যার হলে বা সেটা মুদাফ ইলাইহি হলে মাজরুর হয়। যেমনঃ

আমি এক লিটার দুধ পান করেছি	شَرِبْتُ لِتْرًا مِنْ حَلِيْبٍ
আমি এক লিটার দুধ পান করেছি	شَرِبْتُ لِتْرَ حَلِيْبٍ

ত্বমিজের প্রকারভেদ

পরিমাণসূচক ত্বমিজ تَمْيِيْزُ الذَّاتِ	
আমি এগারোজন ছাত্রকে দেখেছিলাম	رَاَيْتُ اَحَدَ عَشَرَ طَالِبًا
আমি এক মিটার সিল্ক কিনেছিলাম	اِشْتَرَيْتُ مِتْرًا حَرِيْرًا
আমাকে দুই লিটার দুধ দাও	اَعْطِنِيْ لِتْرَيْنِ حَلِيْبًا
আমার কাছে এক কিলোগ্রাম কমলা আছে	عِنْدِيْ كِيْلُوْغِرَامٌ بُرْتُقَالاً

দ্রষ্টব্যঃ পরিমান সুচক মুদাফ ও মুদাফ ইলাইহি যদি তমিজ হিসাবে আসে হয় তাহলে তমিজ সুচক শব্দটিকে আর মুদাফ ইলাইহি বলা যাবে না। যেমনঃ كَفِّ سُكَّرٍ একমুঠ চিনি। এখন এটা যদি ত্বমিজ হয় তাহলে كَفِّ سُكَّرًا হবে।

আমার কাছে একমুষ্ঠি চিনি নিয়ে আসো	أَعْطِنِيْ مِلأَ كَفِّ سُكَّرًا

تَمْيِيْزُ النَّسْبَةِ অন্তর্নিহিত অর্থ প্রকাশক এই তমিজ সর্বদাই মানসুব।	
এই ছাত্রটি চরিত্রগত দিকে ভালো।	حَسُنَ هٰذَا الطَّالِبُ خُلُقًا
বেলালের চরিত্র ভালো।	حَسُنَ خُلُقُ بِلاَلٍ
বেলাল চরিত্রগত দিকে ভালো।	حَسُنَ بِلاَلٌ خُلُقًا

কিছু শব্দ তমিজ নিয়ে আসে। যেমনঃ

তোমার কয়জন বোন আছে ?	كَمْ بِنْتًا لَكَ؟	كَمْ
তোমার কাছে কি একটি ময়দার বস্তা আছে?	هَلْ عِنْدَكَ كِيسٌ دَقِيْقًا؟	كِيسٌ
যে অনু পরিমান ভালো করবে তা সে দেখতে পাবে	فَمَنْ يَعْمَلْ مِثْقَالَ ذَرَّةٍ خَيْرًا يَرَهُ	مِثْقَالَ ذَرَّةٍ
আকাশে হাতের এক তালু পরিমান মেঘ নাই	مَا فِيْ السَّمَاءِ قَدْرُ رَاحَةٍ سَحَابًا	قَدْرُ رَاحَةٍ

কুরআনীয় উদাহরণ

হে আমার পালনকর্তা, আমার জ্ঞান বৃদ্ধি করুন।	وَقُل رَّبِّ زِدْنِي عِلْمًا
আমার ধন-সম্পদ তোমার চাইতে বেশী এবং জনবলে আমি অধিক শক্তিশালী।	أَنَا أَكْثَرُ مِنكَ مَالًا وَأَعَزُّ نَفَرًا
আমি সৎকর্মশীলদের পুরস্কার নষ্ট করি না।	إِنَّا لَا نُضِيعُ أَجْرَ مَنْ أَحْسَنَ عَمَلًا
আমি স্বপ্নে দেখেছি এগারটি নক্ষত্রকে।	إِنِّي رَأَيْتُ أَحَدَ عَشَرَ كَوْكَبًا
এবং আপনি মানুষকে দলে দলে আল্লাহর দ্বীনে প্রবেশ করতে দেখবেন	وَرَأَيْتَ النَّاسَ يَدْخُلُونَ فِي دِينِ اللَّهِ أَفْوَاجًا
আর আমি মূসাকে প্রতিশ্রুতি দিয়েছি ত্রিশ রাত্রির	وَوَاعَدْنَا مُوسَىٰ ثَلَاثِينَ لَيْلَةً
কিন্তু যারা আল্লাহর প্রতি ঈমানদার তাদের ভালবাসা ওদের তুলনায় বহুগুণ বেশী।	وَالَّذِينَ آمَنُوا أَشَدُّ حُبًّا لِّلَّهِ
আল্লাহর রং এর চাইতে উত্তম রং আর কার হতে পারে?	وَمَنْ أَحْسَنُ مِنَ اللَّهِ صِبْغَةً
যিনি সৃষ্টি করেছেন মরণ ও জীবন, যাতে তোমাদেরকে পরীক্ষা করেন-কে তোমাদের মধ্যে কর্মে শ্রেষ্ঠ?	الَّذِي خَلَقَ الْمَوْتَ وَالْحَيَاةَ لِيَبْلُوَكُمْ أَيُّكُمْ أَحْسَنُ

	عَمَلًا
তাদেরকে বর্জন করুন যারা তাদের ধর্মকে ক্রিয়া তামাশা হিসেবে নিয়েছে	وَذَرِ الَّذِينَ اتَّخَذُوا دِينَهُمْ لَعِبًا وَلَهْوًا
ইসলামকে তোমাদের জন্যে দ্বীন হিসেবে পছন্দ করলাম	وَرَضِيتُ لَكُمُ الْإِسْلَامَ دِينًا

২।فِعْلُ التَّعْجِبِ আশ্চর্যবোধক ক্রিয়া

اَجْمِلْ بِا لْبَيْتِ	مَا اَجْمَلَ الْبَيْتَ!
Format: اَفْعِلْ بِهِ	Format: مَا أَفْعَلَ

অধ্যায়-৩১

১। اَلحَالُ ক্রিয়ার অবস্থা (কাইফিয়্যাত)

ক্রিয়াকে কিভাবে প্রশ্ন করলে যে উত্তর পাওয়া যায় তাকে اَلحَالُ বলে। হাল মানসুব। যেমনঃ جَاءَ بِلاَلٌ رَاكِبًا এখানে رَاكِبًا হল اَلحَالُ এবং بِلاَلٌ হল" সাহিব আল হাল "অর্থাৎ যার অবস্থা বর্ণনা করা হয়েছে। اَلحَالُ দুই প্রকার। ক) الحَالُ الْمُفْرَدُ খ) اَلْحَالُ الجُمْلَةُ

الحَالُ الْمُفْرَدُ	
বেলাল আরোহী অবস্থায় এসেছিল।	جَاءَ بِلاَلٌ رَاكِبًا
বাচ্চাটি কান্নারত অবস্থায় আমার কাছে আসল।	جَاءَ تْنِي الطِّفْلَةُ بَكِيَةً
আমি গোস্ত ঝলসানো পছন্দ করি।	اُحِبُّ اللَّحْمَ مَشْوِيًا

اَلْحَالُ الجُمْلَةُ	
রেডিও থেকে কুরআন তিলোয়াত শোনা অবস্থায় বসেছিলাম	جَلَسْتُ اَسْتَمِعُ اِلَى تِلاَوَةِ الْقُرْآنِ الْكَرِيْمِ مِنَ الْاِذَاعَةِ
আমার ভাই গ্রাজুয়েট করার পর বিশ্ববিদ্যালয়ে জয়েন করেছিলাম	اِلْتَحَقْتُ بِالْجَامِعَةِ وَ قَدْ تَخَرَّجَ اَخِي
আমি ছোট অবস্থায় কুরআন মুখস্ত করেছিলাম	حَفِظْتُ الْقُرْآنَ وَ اَنَا صَغِيْرٌ
আহত ব্যক্তি রক্ত ঝরা অবস্থায় এসেছিল	جَاءَ الْجَرِيْحُ دَمُهُ يَتَدَفَّقُ
বোনেরা হাসতে হাসতে এসেছিল	جَاءَتِ الْاَخَوَاتُ يَضْحَكْنَ
আমি মক্কায় প্রবেশ করলাম যখন সূর্য ডুবছিল	دَخَلْتُ مَكَّةَ وَ الشَّمْسُ تَغْرُبُ
ছাত্ররা ফিরে এসেছিল ক্লান্ত অবস্থায়	رَجَعَ الطُّلاَّبُ وَ هُمْ مُتْعَبُوْنَ

اَلْحَالُ الجُمْلَةُ একটা শব্দ দ্বারা মুলবাক্যের সাথে যুক্ত হয় যাকে اَلرَّابِطُ বলে। এটা হয় ضَمِيْرٌ বা و দুটিই।

২। সাহিব আল হাল

"সাহিব আল হাল " যার হালত বর্ণনা করা হয়েছে। এগুলো নিম্নের যে কোনটি হতে পারেঃ

লোকটি আমার সাথে হেসে কথা বলল।	كَلَّمَنِي الرَّجُلُ بَاسِمًا	ফায়িল
আযান পরিষ্কারভাবে শোনা গেছে।	يُسْمَعُ الْأَذَانُ وَاضِحًا	নায়িব আল ফায়িল
আমি মুরগিটি জবাই করা অবস্থায় কিনেছি।	اِشْتَرَيْتُ الدَّجَاجَةَ مَذْبُوحَةً	মাফুলুন বিহি
বাচ্চাটি রুমে ঘুমন্ত আছে।	اَلطِّفْلُ فِي الْغُرْفَةِ نَاءِمًا	মুবতাদা
এই অর্ধ চাঁদটি উদিত হচ্ছে।	هٰذَا الْهِلَالُ طَالِعًا	খবর

নিম্নোক্ত ক্ষেত্রগুলোতে সাহিব আল হাল অনির্দিষ্টও হতে পারে। যেমনঃ

ক- যখন তা মান'উত হয়,

একজন পরিশ্রমী ছাত্র অনুমতি নিয়ে আমার নিকট আসল।	جَاءَنِيْ طَالِبٌ مُجْتَهِدٌ مُسْتَأْذِنًا

খ- যদি তা অনির্দিষ্ট মুদফ হয়,

একজন শিক্ষকের ছেলে আমাকে রাগান্বিত হয়ে প্রশ্ন করল।	سَأَلَنِي ابْنُ مُدَرِّسٍ غَاضِبًا

গ- যখন হাল সাহিব আল হালের আগে আসে,

একজন ছাত্র প্রশ্ন করতে করতে আমার কাছে এসেছিল	جَاءَنِيْ سَاءِلاً طَالِبٌ

ঘ- যখন একটা নামপ্রধান বাক্য ওয়াও আল হাল দ্বারা যুক্ত হয়,

একটা বালক আমার কাছে এসেছিল যখন সে কাঁদছিল	جَاءَنِيْ وَلَدٌ وَهُوَ يَبْكِي

উপর্যুক্ত ক্ষেত্রগুলো ছাড়াও তা অনির্দিষ্ট হতে পারে। যেমন,

হামিদ বসে নামাজ পড়ছিল এবং কিছু লোক তার পিছনে দাঁড়িয়ে নামাজ পড়ছিল	صَلَّى حَامِدٌ قَاعِدًا وَصَلَّى وَرَاءَهُ رِجَالٌ قِيَامًا

হাল ও সাহিব আল হাল বচন ও লিঙ্গে মিল থাকবে।

ছাত্রটি হাসতে হাসতে এসেছিল	جَاءَ الطَّالِبُ ضَاحِكًا
ছাত্রদুটি হাসতে হাসতে এসেছিল	جَاءَ الطَّالِبَيْنِ ضَاحِكَيْنِ
ছাত্ররা হাসতে হাসতে এসেছিল	جَاءَ الطُّلاَّبُ ضَاحِكِيْنَ
ছাত্রীটি হাসতে হাসতে এসেছিল	جَاءَتِ الطَّالِبَةُ ضَاحِكَةً
ছাত্রীদুটি হাসতে হাসতে এসেছিল	جَاءَتِ الطَّالِبَتَانِ ضَاحِكَتَيْنِ

৩। نَعْتٌ এবং حَالٌ এর মধ্যে পার্থক্য

অনির্দিষ্ট إِسْمٌ এর পরে হলে نَعْتٌ আর নির্দিষ্ট إِسْمٌ এর পরে হলে حَالٌ

حَالٌ	نَعْتٌ
رَأَيْتُ الْوَلَدَ بَاكِيًا	رَأَيْتُ وَلَدًا بَاكِيًا
আমি বালকটিকে কান্নারত দেখেছিলাম	আমি একটি কান্নারত বালককে দেখেছিলাম
رَأَيْتُ وَلَدًا وَهُوَ يَبْكِيْ	رَأَيْتُ وَلَدًا يَبْكِيْ
আমি একটি বালককে দেখেছিলাম যখন সে কাঁদছিল	আমি দেখেছিলাম একটি বালক কাঁদছে
رَأَيْتُ بَاكِيًا وَلَدًا	
আমি একটি কান্নারত বালককে দেখেছিলাম	

কুরআনীয় উদাহরণ

আমি কেয়ামতের দিন তাদের সমবেত করব তাদের মুখে ভর দিয়ে চলা অবস্থায়, অন্ধ অবস্থায়, মুক অবস্থায় এবং বধির অবস্থায়।	وَنَحْشُرُهُمْ يَوْمَ الْقِيَامَةِ عَلَىٰ وُجُوهِهِمْ عُمْيًا وَبُكْمًا وَصُمًّا
তাদের উভয়ের প্রতি রহম কর, যেমন তারা আমাকে শৈশবকালে লালন-পালন করেছেন।	رَّبِّ ارْحَمْهُمَا كَمَا رَبَّيَانِي صَغِيرًا
ওরা তাতে নিন্দিত-বিতাড়িত অবস্থায় প্রবেশ করবে।	يَصْلَاهَا مَذْمُومًا مَّدْحُورًا
আমার গর্ভে যা রয়েছে আমি তাকে তোমার নামে উৎসর্গ করলাম সবার কাছ থেকে মুক্ত রেখে	إِنِّي نَذَرْتُ لَكَ مَا فِي بَطْنِي مُحَرَّرًا

যে আপনার কাছে দৌড়ে আসলো	وَأَمَّا مَن جَاءَكَ يَسْعَىٰ
তারা যখন কোন ব্যবসায়ের সুযোগ অথবা ক্রীড়াকৌতুক দেখে তখন আপনাকে দাঁড়ানো অবস্থায় রেখে তারা সেদিকে ছুটে যায়।	وَإِذَا رَأَوْا تِجَارَةً أَوْ لَهْوًا انفَضُّوا إِلَيْهَا وَتَرَكُوكَ قَائِمًا
এবং সে তার পরিবার-পরিজনের কাছে হৃষ্টচিত্তে ফিরে যাবে	وَيَنقَلِبُ إِلَىٰ أَهْلِهِ مَسْرُورًا

অধ্যায়-৩২

১। اَلْاِسْتِثْنَاءُ (ব্যতীত)

কোন কিছু ব্যতীত বোঝাতে اَلْاِسْتِثْنَاءُ ব্যবহৃত হয়। যেমন, نَجَحَ الطُّلاَّبُ كُلاُّهُمْ اِلاَّ خَالِدًا খালিদ ব্যতীত সকল ছাত্র পাস করেছিল। اَلْاِسْتِثْنَاءُ এর তিনটি অংশঃ

اَلْمُسْتَثْنَى	اَدَاةُ الْاِسْتِثْنَاءِ	اَلْمُسْتَثْنَى مِنْه
যা ব্যতীত যেমন, خَالِدًا	ব্যতীত করার উপাদান যেমন ,উপর্যুক্ত বাক্যে اِلاَّ । এছাড়াও , سِوَى , غَيْرَ مَاعَدَا , مَاخَلاَএগুলোও ব্যতীত করার উপাদান।	যা থেকে বাদ গেছে যেমন, اَلطُّلاَّبُ

اَلْاِسْتِثْنَاءُ কয়েকভাবে হতে পারে,

<table>
<tr><td colspan="5">اَلْاِسْتِثْنَاءُ</td></tr>
<tr><td>مُفَرَّغٌ
(اَلْمُسْتَثْنَى مِنْه নাই)</td><td colspan="4">تَامٌّ
(اَلْمُسْتَثْنَى مِنْه আছে)</td></tr>
<tr><td rowspan="2">এধরণের বাক্য সর্বদা
غَيْرُ مُوجَبٍ</td><td colspan="2">مُنْقَطِعٌ</td><td colspan="2">مُتَّصِلٌ</td></tr>
<tr><td colspan="2">اَلْمُسْتَثْنَى مِنْهُ ও اَلْمُسْتَثْنَى উভয় ভিন্ন জাতীয়।</td><td colspan="2">اَلْمُسْتَثْنَى مِنْهُ ও اَلْمُسْتَثْنَى উভয় একই জাতীয়।</td></tr>
<tr><td rowspan="2">বিভক্তি বাক্যের গঠন অনুযায়ী</td><td>غَيْرُ مُوجَبٍ</td><td>مُوْجَبٌ</td><td>غَيْرُ مُوجَبٍ
নাবোধক /প্রশ্নবোধক / নিষেধসূচক</td><td>مُوْجَبٌ
হ্যাঁবোধক</td></tr>
<tr><td>মানসুব</td><td>মানসুব</td><td>মানসুব / মুসিতাসনা মিনহু এর বিভক্তির ন্যায়</td><td>মানসুব</td></tr>
</table>

উদাহরণঃ

সকল ছাত্ররাই পাশ করেছে খলিদ ছাড়া	نَجَحَ الطُّلاَّبُ كُلاَّهُمْ اِلاَّ خَالِدً	تَامٌّ مُتَّصِلٌ مُوْجَبٌ
জানালাগুলো খুলো শেষেরটি বাদে	اِفْتَحِ النَّوَافِذَ اِلاَّ الْاَخِرَةَ	
আল্লাহ সকল গুনাহ মাফ করবেন শিরক ছাড়া	يَغْفِرُ اللّٰهُ الذُّنُوْبَ كُلَّهَا اِلاَّ الشِّرْكَ	
অতঃপর সবাই পান করল সে পানি, সামান্য কয়েকজন ছাড়া।	فَشَرِبُوا مِنْهُ إِلَّا قَلِيلًا مِّنْهُمْ	
ইব্রাহীম ছাড়া কেউ অনুপস্থিত থাকেনি	مَا غَابَ الطُّلاَّبُ اِلاَّ اِبْرَاهِيْمَ/ اِبْرَاهِيْمُ	تَامٌّ مُتَّصِلٌ غَيْرُ مُوجَبٍ
নতুনটি বাদে কেউ যেন বের না হয়	لاَ يَخْرُجْ اَحَدٌ اِلاَّ الْجُدُدَ / الْجُدُدُ	
অলস ছাড়া কেউ কি ফেল করেছে ?	هَلْ يَرْسُبُ اَحَدٌ اِلاَّ الْكَسْلاَنَ؟ / الْكَسْلاَنُ	
আর মুহাম্মদ একজন রসূল বৈ তো নয়!	وَمَا مُحَمَّدٌ إِلَّا رَسُولٌ	
আল্লাহ ছাড়া কোন মাবুদ নাই	لاَ إِلَهَ اِلاَّ اللّٰهُ	
অতিথিরা পৌছেছিল তাদের লাগেজ ছাড়া	وَصَلَ الضُّيُوْفُ اِلاَّ اَمْتِعَتَهُمْ	تَامٌّ مُنْقَطِعٌ مُوْجَبٌ
প্রত্যেক রোগের ঔষধ আছে মৃত্যু ছাড়া	لِكُلِّ دَاءٍ دَوَاءٌ اِلاَّ الْمَوْتَ	
অতিথিরা কি পোছেছিল তাদের লাগেজ ছাড়া?	هَلْ وَصَلَ الضُّيُوْفُ اِلاَّ اَمْتِعَتَهُمْ	تَامٌّ مُنْقَطِعٌ غَيْرُ مُوجَبٍ
কেউ তার মাল ছাড়া আসেনি	لاَ يَجِئْ اَحَدٌ اِلاَّ مَالَهُ	
হামিদ ছাড়া কেউ আসেনি	مَا جَاءَ اِلاَّ حَامِدٌ	مُفَرَّغٌ
হামিদকে ছাড়া আমি কাউকে দেখিনি	مَا رَاَيْتُ اِلاَّ حَامِدًا	
বেলাল ছাড়া কি কেউ ফেল করেছে	هَلْ رَسَبَ اِلاَّ بِلاَلٌ؟	
আমি বেলাল ছাড়া আর কাউকে খুঁজিনি	مَابَحَثْتُ اِلاَّ عَنْ خَالِدٍ	

২। غَيْرُ ও سِوَى এর পরবর্তী মুসতাসনা

غَيْر এর পরবর্তী মুসতাসনা মাজরুর হবে মুদাফ ইলাইহি হিসেবে। কিন্তু غَيْرُ বা غَيْرَ হওয়ার দুটি ক্ষেত্র আছে।

হ্যা বোধক বাক্যে غَيْرَ	نَجَحَ الطُّلاَّبُ غَيْرَ حَامِدٍ
নাবোধক বাক্যে غَيْرَ বা غَيْرُ হতে পারে	مَا نَجَحَ غَيْرُ حَامِدٍ مَا سَأَلْتُ غَيْرَ حَامِدٍ

سِوَى এর বিভক্তি ঠিক غَيْرُ এর মত

৩। مَاخَلاَ ও مَاعَدَا এর পরবর্তী মুসতাসনা

এই দুটি উপাদানের পরবর্তী মুসতাসনা মানসুব। যেমন,

তিনজন ছাত্র ব্যতিত সকলকে পরীক্ষা করেছিলাম	اِخْتَبَرْتُ الطُّلاَّبَ مَاعَدَا ثَلاَثَةً

৪। اَلاَ এর ব্যবহার

اَلاَ অর্থ" সাবধান! সাধারণত মনোযোগ আকর্ষণের জন্য এটা ব্যবহৃত হয়। যেমন,

সাবধান !তারাই ফাসাদ সৃষ্টিকারী কিন্তু তারা বোঝে না।	اَلاَ اِنَّهُمْ هُمُ الْمُفْسِدُوْنَ وَلَكِن لاَّ يَشْعُرُوْنَ
শোন !নিশ্চয়ই আল্লাহর সাহায্য নিকটে	أَلاَ إِنَّ نَصْرَ اللَّهِ قَرِيبٌ

৫। خَبَرُ كَانَ যখন সর্বনাম

كَانَ এর খবর সর্বনাম হলে তা যুক্ত বা মুক্ত উভয় অবস্থায় আসতে পারে। যেমন কেউ যদি প্রশ্ন করে أُرِيْدُ اَنْ تَكُوْنَ قَاضِيًا؟ তার উত্তরে বলা যায় لاَ، مَا أُرِيْدُ اَنْ اَكُوْنَهُ / اَكُوْنَ إِيَّاهُ

অধ্যায়-৩৩

১। التَّوْكِيْدُ জোরদান

মন্ত্রী নিজে আমার সাথে কথা বলেছেন	حَادَثَنِي الوَزِيْرُ نَفْسُهُ
আমি মন্ত্রীর নিজের সাথেই সাক্ষাত করেছি	قَابَلْتُ الوَزِرَ نَفْسَهُ
আমি খোদ মন্ত্রীর কাছেই লিখেছি	كَتَبْتُ إِلَى الوَزِرِ نَفْسِهِ
সকল ছাত্ররাই উপস্থিত ছিল।	حَضَرَ الطُّلَّابُ كُلُّهُمْ
আমি বইটি পুরোটাই পরলাম	قَرَأْتُ الكِتَابَ كُلَّهُ
এবং তিনি আদমকে সব কিছুর নাম শিখালেন	وَعَلَّمَ آدَمَ الْأَسْمَاءَ كُلَّهَا
নিশ্চয়ই সকল আদেশ আল্লাহরই	إِنَّ الْأَمْرَ كُلَّهُ لِلَّهِ
সব কাজ থেকেই সরে এসেছি	فَرَغْتُ مِنَ الأَعْمَالِ كُلِّهَا
দুই ভাইই পাস করেছে	نَجَحَ الأَخَوَانِ كِلَاهُمَا
আমরা দুটি মেষই জবেহ করেছি	ذَبَحْنَا الكَبْشَيْنِ كِلَيْهِمَا
অনুপস্থিত ব্যক্তি হাজির হয়েছে, হাজির হয়েছে	حَضَرَ حَضَرَ الغَائِبُ
না, আমি প্রতিজ্ঞা ভঙ্গ করি না	لا، لا أَخُونُ العَهْدَ
আমি কুমিরটি কুমিরটি দেখেছি	رَأَيْتُ التِّمْسَاحَ التِّمْسَاحَ
আমি তো কর্তব্য সম্পাদন করেছি	قُمْتُ أَنَا بِالوَاجِبِ
আপনার কাছে তো কেউ আসেনি	مَا جَاءَكَ أَنْتَ أَحَدٌ
ফরিদই বইটা পড়েছে	فَرِيْدٌ قَرَأَ هُوَ الْكِتَابَ

২। نُوْنُ التَّوْكِيْدِ জোর দেওয়ার নুন

মুদারি কিংবা আমরকে জোর দিতে نُوْنُ التَّوْكِيْدِ ব্যবহৃত হয়। এটা একটা নুন نْ বা দুইটি নুন نّ দ্বারা হতে পারে। তবে نّ ই বেশি ব্যবহৃত হয়। যেমন,

আল্লাহর শপথ আমি আমার দেশে ইসলামের প্রচার করব	وَاللّٰهِ لَأَنْشُرَنَّ الْإِسْلاَمَ فِيْ بَلَدِيْ
এখান থেকে বের হও !	أُخْرُجَنَّ مِنْ هُنَا
এখান থেকে বের হও!	أُخْرُجَنْ مِنْ هُنَا
যারা আমার পথে সাধনায় আত্মনিয়োগ করে, আমি অবশ্যই তাদেরকে আমার পথে পরিচালিত করব।	وَالَّذِينَ جَاهَدُوا فِينَا لَنَهْدِيَنَّهُمْ سُبُلَنَا

মুদারিতে নুন যুক্ত হওয়ার নিয়ম

গ্রুপ–1 কর্তা পকেটে

نْ যুক্ত মুদারি	মুদারি
يَكْتُبَنَّ	يَكْتُبُ
تَكْتُبَنَّ	تَكْتُبُ
اَكْتُبَنَّ	اَكْتُبُ
نَكْتُبَنَّ	نَكْتُبُ

গ্রুপ-২: ن আসে ن যায়

نْ যুক্ত মুদারি	মুদারি
يَكْتُبَانِّ	يَكْتُبَانِ
تَكْتُبَانِّ	تَكْتُبَانِ
يَكْتُبُنَّ	يَكْتُبُوْنَ
تَكْتُبُنَّ	تَكْتُبُوْنَ
تَكْتُبِنَّ	تَكْتُبِيْنَ

গ্রুপ-৩: هُنَّ ও تُنَّ মাবনী

ن যুক্ত মুদারি	মুদারি
يَكْتُبْنَانِّ	يَكْتُبْنَ
تَكْتُبْنَانِّ	تَكْتُبْنَ

আদেশে নুন যুক্ত হওয়ার নিয়ম

ن যুক্ত আমর	আমর
اُكْتُبَنَّ	اُكْتُبْ
اُكْتُبَانِّ	اُكْتُبَا
اُكْتُبُنَّ	اُكْتُبُوْا
اُكْتُبِنَّ	اُكْتُبِيْ
اُكْتُبْنَانِّ	اُكْتُبْنَ

জওয়াব আল কসম যদি মুদারি হয় তাহলে অবশ্যই ن যুক্ত হবে।

আল্লাহর কসম আমি অবশ্যই কুরআন মুখস্ত করব	وَاللّهِ لَاَحْفَظَنَّ الْقُرْاٰنَ الْكَرِيْمَ

তবে এর কিছু শর্ত আছে। যেমন,

ক- জওয়াব আল কসম হ্যা বোধক বাক্য হতে হবে। নাবোধক হলে ن ও ل কোনটাই যুক্ত হবে না।

আল্লাহর কসম আমি বের হব না	وَاللّهِ لا اَخْرُجُ

খ- ক্রিয়া ভবিষ্যতের হতে হবে। যদি বর্তমান কাল হয় তবে কেবল ل যোগ হবে। যেমন,

আল্লাহর কসম আমি তোমাকে অবশ্যই ভালোবাসি	وَاللّهِ لَاُحِبُّكَ
আল্লাহর কসম আমি তাকে অবশ্যই বন্ধু ভবি	وَاللّهِ لَاَظُنُّهُ صَادِقًا

গ- ل ক্রিয়ার সাথে যুক্ত থাকবে। অন্য কিছুর সাথে নয়। যেমন, وَاللّٰهِ لَاِلٰى مَكَّةَ اَذْهَبُ এক্ষেত্রে ل যুক্ত হয়েছে اِلٰى এর সাথে অনুরূপভাবে وَاللّٰهِ لَسَوْفَ اَذُوْرُكَ এখানে ل যুক্ত হয়েছে سَوْفَএর সাথে

তাছাড়াও اِمَّا এর পরেও মুদারিতে ن যুক্ত হয়। যেমন,

যদি তুমি মক্কা যাও আমি তোমার সাথে যাব।	اِمَّا تَذْهَبَنَّ اِلٰى مَكَّةَ اَذْهَبْ مَعَكَ

৩। بَلْ শব্দের ব্যবহার

بَلْ শব্দের অর্থ" বরং"। যখন بَلْ কোন বাক্যের প্রথমে আসে তখন তাকে حَرْفُ الْاِبْتِدَاءِ বলে। এটি সাধারণত দুটি ক্ষেত্রে ব্যবহৃত হয়।

ক- পূর্বোক্ত বাক্যকে নাকচ করার জন্য। যেমন,

এবং যারা আল্লাহর রাস্তায় নিহত হয় তাদের মৃত ভেবো না বরং তারা জীবিত	وَلاَ تَحْسَبَنَّ الَّذِيْنَ قُتِلُوْا فِيْ سَبِيْلِ اللّٰهِ اَمْوَاتًا بَلْ اَحْيَاءٌ
আমি কি প্রথমবার সৃষ্টি করেই ক্লান্ত হয়ে পড়েছি? বরং তারা নতুন সৃষ্টির ব্যাপারে সন্দেহ পোষন করেছে।	أَفَعَيِينَا بِالْخَلْقِ الْأَوَّلِ بَلْ هُمْ فِي لَبْسٍ مِّنْ خَلْقٍ جَدِيدٍ
আমাদের মধ্যে কি তারই প্রতি উপদেশ নাযিল করা হয়েছে? বরং সে একজন মিথ্যাবাদী, দাম্ভিক।	أَأُلْقِيَ الذِّكْرُ عَلَيْهِ مِن بَيْنِنَا بَلْ هُوَ كَذَّابٌ أَشِرٌ

খ- একটা বাক্যের অর্থকে পরবর্তী বাক্যে নিয়ে যাওয়া। যেমন,

ইব্রাহিম অলস, সে অসচেতনও বটে।	اِبْرَاهِيْمُ كَسْلاَنٌ بَلْ هُوَ مُهْمِلٌ
তারা কি একে অপরকে এই উপদেশই দিয়ে গেছে? বস্তুতঃ ওরা দুষ্ট সম্প্রদায়।	أَتَوَاصَوْا بِهِ بَلْ هُمْ قَوْمٌ طَاغُونَ
বস্তুতঃ তোমরা পার্থিব জীবনকে অগ্রাধিকার দাও	بَلْ تُؤْثِرُونَ الْحَيَاةَ الدُّنْيَا
বরং এটা মহান কোরআন	بَلْ هُوَ قُرْآنٌ مَّجِيدٌ

এবং তোমাদের উপর আমাদের কোন কতৃত্ব ছিল না, বরং তোমরাই ছিলে সীমালংঘনকারী সম্প্রদায়।	وَمَا كَانَ لَنَا عَلَيْكُم مِّن سُلْطَانٍ بَلْ كُنتُمْ قَوْمًا طَاغِينَ

অধ্যায়-৩৪

১। الْمَمْنُوعُ مِن الصَّرْفِ দ্বিরূপী

কিছু শব্দ আছে যারা تَنْوِيْنٌ গ্রহন করে না এবং مَجْرُوْر অবস্থায় যের এর বদলে যবর গ্রহন করে। আরবীতে এদেরকে المَمْنُوعُ مِن الصَّرْفِ বলে। যেমনঃ

এই বইটি হামজার	هٰذَا الْكِتَابُ لِحَمْزَةَ
হামিদ লন্ডনে গেল	حَامِدٌ ذَهَبَ إِلَى لَنْدَنَ
উসমানের কলমটি লাল	قَلَمُ عُثْمَانَ أَحْمَرُ

এদের বৈশিষ্ট্যগুলো নিম্নরুপঃ

এই আলিফ দুই প্রকার। ক (আলিফ মাকসুরাঃ مَرْضَى، دُنْيَا، حُبْلَى، هَدَايَا، فَتَاوَى কিন্তু যে আলিফ তৃতীয় অক্ষর সেগুলো দ্বিত্ব নয়। যেমন عَصًا، , رَحًى، فَتًى খ (আলিফ মামদুদাঃ যেমন حَمْرَاءُ، صَحْرَاءُ، فُقَرَاءُ، اَصْدِقَاءُ , কিন্তু أَفْعَالٌগঠনের হলে দ্বিত্ব হবে না। যেমন أَنْحَاءٌ، اَلْآءٌ، اَبْنَاءٌ، , اَسْمَاءٌ،	শেষে اَلِفُ التَّانِيْثِ (স্ত্রীবাচক আলিফ)
حَدَاءِقُ، اَسَاوِرُ، مَدَارِسُ، مَسَاجِدُ، مَنَادِيْلُ، فَنَادِقُ، اَنَامِلُ، سَلَاسِلُ কিন্তু مَفَاعِلَةٌ গঠন দ্বিত্ব নয়। যেমন دَكَاتِرَةٌ، تَلَامِذَةٌ , এমনকি এই প্যাটার্নের একবচনও দ্বিত্ব নয়। যেমন طَمَاطِمُ، بَطَاطِسُ، طَبَاشِيْرُ، سَرَاوِيْلُ ,ইত্যাদি।	مَفَاعِلُবা مَفَاعِيْلُ গঠনের বহুবচন।
اٰمِنَةٌ زَيْنَبُ، حَمْزَةُ কিন্তু যেসকল নাম তিন অক্ষরবিশিষ্ট এবং মধ্যের অক্ষরে সুকুন দ্বিত্ব বা ত্রিত্ব উভয়ই হতে পারে। যদিও ত্রিত্ব হিসেবে ব্যবহারই উত্তম। যেমন رِيْمٌ، دَعْدٌ، هِنْدٌ ,	স্ত্রীবাচক নামঃ
اِبْرَاهِيْمُ، وِلْيَامُ، بَاكِسْتَانُ ইত্যাদি। কিন্তু যেসকল নাম তিন	আযমী নামঃ

অক্ষরবিশিষ্ট এবং মধ্যের অক্ষরে সুকুন তারা ত্রিত্ব। যেমন , شِيْث، نُوْحٌ، لُوْطٌ، جُرْجٌ কিন্তু নারীবাচক হলে আবার দ্বিত্ব। যেমন مُوْش، بِنْس، حِمْصُ، بَلْخٌ ,	
هُبَلُ، زُحَلُ، زُفَرُ، عُمَرُ	পুরুষবাচক আরবী নাম যা فُعَلُ গঠনের।
رَمْضَانُ، مَرْوَانُ، شَعْبَنُ، عُثْمَانُ কিন্তু فَعَّالٌ গঠনের হলে দ্বিত্ব নয়। যেমন حَسَّانٌ ,	যদি শেষে একটি অতিরিক্ত আলিফ ও নুন থাকে।
যেমন, اَحْمَدُ،اَجْمَلُ যা اَذْهَبُ এর মত বা يَزِيْدُ যা يَبِيْعُ এর মত।	যদি ক্রিয়ার গঠনের মত হয়।
حَضْرَمَوْتُ، مَعْدِيْكَرِبُ	যদি দুটি اِسْمٌ জোড়া দিয়ে হয়।
اَحْمَرُ (حَمْرَاءُ) ، اَكْبَرُ (كُبْرَى) কিন্তু اَرْمَلٌ দ্বিত্ব নয় কারণ তার স্ত্রীবাচক اَرْمَلَةٌ	اَفْعَلُ গঠনের বিশেষণ যা ة যোগে স্ত্রীবাচক হয় না।
مَلْآنُ، عَطْشَانُ، شَبْعَانُ، جَوْعَانُ	فَعْلاَنُ গঠনের বিশেষণ
مَثْلَثُ، مَثْنَى، رُبَاعُ، ثُلاَثُ	যে নাম্বারগুলো فُعَالُ বা مَفْعَلُ গঠনের।
أُخَرُ যা أُخْرَى শব্দের বহুবচন।	

২। শব্দের শুরুতে, শেষে এবং শেষে আলিফ এর রূপ

শব্দের শুরুতে ও মধ্যে আলিফ সর্বদা ا রূপেই বসে। তবে শেষে বসার ক্ষেত্রে ইসম, ফেল ও হারফের নিজ নিজ নিয়ম আছে। শব্দের শেষের প্রকাশ্য আলিফ মুলত و কিংবা ي

ইসমের ক্ষেত্রেঃ		
মাবনী	মু'রাব	
	তিন অক্ষরের ইসম	তিনোর্ধ অক্ষরের ইসম
মাবনী ইসমের ক্ষেত্রে أَلَى ، أَنَّى ، مَتَى ، لَدَى، أُوْلَى	و থেকে উদ্ভুত হলে ا যেমনঃ عصَا	শেষে আলিফের পুর্বে ي হলে ا হবে যেমনঃ دُنْيَا আর না হলে ى

এই পাঁচটি ছাড়া সকল ক্ষেত্রে ا লেখা হয়। যেমনঃ أنَا، هٰذا।	এবং ي থেকে উদ্ভুত হলে ى যেমনঃ هُدًى	হবে। যেমনঃ مُشْتَشْفَى। তবে নামবাচক বিশেষ্যে আলিফের পুর্বে ي হলেও ى হবে। পক্ষান্তরে অনারব নামে সর্বদা ا হবে যেমনঃ أمْرِيكَا ، فَرَنْسَا তবে مُوسَى ، عِيْسَى، بُخْرَى كَسْرَى ব্যতিক্রম।

ফে'লের ক্ষেত্রে	
তিন অক্ষরের ফে'ল	তিনোর্ধ অক্ষরের ফে'ল
আলিফটি و থেকে উদ্ভুত হলে ا আর ي থেকে উদ্ভুত হলে ى যেমনঃ دَعَا عَفَا، مَشَى মনে রাখার জন্য, শব্দের মধ্যে و বা ء থাকলে শেষে ى হয় যেমনঃ جَوَى، وَقَى، شَأَى، بَأَى	তিনোর্ধ অক্ষরের ক্ষেত্রে শেষ আলিফের পুর্বে ي হলে ا হবে যেমনঃ أحْيَا আর না হলে ى হবে। যেমনঃ اِنْتَهَى

হারফের ক্ষেত্রে
بَلَى، حَتَّى، عَلَى، إلَى এই চারটি ব্যতিত সকল হারফে ا হবে। যেমনঃ لَا، أَلَّا، كَلَّا، عَدَا

আলিফ মাকসুরা ى এর পরে মানসুব বা মাজরুর অবস্থায় ضَمِيْرٌ আসলে তা ' ا ' হয়ে যায়।

আমি তার অর্থ জানি না	لَا أدْرِي مَعْنَاهُ	مَعْنَى + هُ = مَعْنَاهُ
সে সেটা ইস্ত্রী করল	كَوَاهُ	كَوَى + هُ = كَوَاهُ
বুখারি তা বর্ননা করল	رَوَاهُ الْبُخَارِي	رَوَى + هُ = رَوَاهُ

৩। শব্দের শুরুতে, মধ্যে এবং শেষে ء এর চেয়ার

ব্যতিক্রম	নিয়ম	ء এর অবস্থান
	শব্দের শুরুতে ء সর্বদা আলিফকে চেয়ার হিসেবে গ্রহন করে। যেমনঃ إ ، أ	শব্দের শুরুতে
	১) ءِ এর পুর্বে যাই থাকুক না কেন তার চেয়ার হবে ي যেমনঃ سُئِلَ	শব্দের মধ্যে
ئ এবং ؤ	২) ءُ এর পুর্বে যাই থাকুক না কেন তার চেয়ার হবে و যেমনঃ لَؤُمَ ، رُؤُسٌ، تَلْؤُمُ ، خَلطَاؤُهُ	
ئ এবং ؤ	৩) ءَ এর পুর্বে, যবর/সাকিন হলে ا , যের হলে ي, পেশ হলে و চেয়ার হিসেবে আসে। যেমনঃ رَأَيْتَ، تَسْأَلُوْنَ، سَيِّئَةٌ، فُؤَادٌ	
	৪) ءْ এর পুর্বে, যবর হলে ا, যের হলে ي, পেশ হলে و চেয়ার হিসেবে আসে। যেমনঃ رَأْسٌ، بِئْسٌ، مُؤْمِنٌ	
	৫) ءَ / ءُ এর পুর্বে يْ হলে তার চেয়ার হবে ي যেমনঃ مَجِيْئُهَا ، مَلِيْئَةٌ আর পুর্বে وّ ، وْ ، اْ হলে চেয়ার ছাড়া। যেমনঃ يَتَسَاءَلُ ، تَوْءَمٌ، بَوَّءَهُمْ، يَسُوْءُهُمْ، متبوَّءُهُمْ	
	১) যবর এর পরে হলে ا, যের এর পরে হলে ي, পেশ এর পরে হলে و চেয়ার হিসেবে আসে। যেমনঃ قَرَأَ ، شَاطِئٌ، بُجْرُؤٌ	শব্দের শেষে
	২) সুকুন এর পরে আসলে চেয়ার ছাড়া। যেমনঃ شَيْءٌ، سَمَاءٌ، مَاءٌ	